মুজিব শতবর্ষ MUJIB 100

বার্ষিক প্রতিবেদন

২০১৯-২০২০

বাঁচবে সময়, বাঁচবে পরিবেশ
যানজট কমাবে মেট্রোরেল

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

(শতভাগ সরকারি মালিকানাধীন কোম্পানি)
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

মুজিব
শতবর্ষ

MUJIB
100

ভূমিকা

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে Mass Rapid Transit (MRT) বা মেট্রোরেল নেটওয়ার্কের পরিকল্পনা, সার্ভে, ডিজাইন, অর্থায়ন, নির্মাণ, পরিচালনা ও রক্ষণাবেক্ষণের নিমিত্ত The Companies Act 1994 অনুযায়ী গত ০৩ জুন ২০১৩ তারিখ শতভাগ সরকারি মালিকানাধীন Dhaka Mass Transit Company Limited (DMTCL) গঠন করা হয়। DMTCL এর Authorized Share Capital ১০ (দশ) হাজার কোটি টাকা এবং Paid-up Capital ৫০০ (পাঁচশত) কোটি টাকা।

রূপকল্প

বাঁচবে সময়, বাঁচবে পরিবেশ
যানজট কমাবে মেট্রোরেল

অভিলক্ষ্য

দ্রুতগামী, নিরাপদ, নির্ভরযোগ্য, শীতাতপ নিয়ন্ত্রিত, সময় সাশ্রয়ী, বিদ্যুৎচালিত, পরিবেশবান্ধব ও দূরনিয়ন্ত্রিত অত্যাধুনিক গণপরিবহন ব্যবস্থা প্রবর্তনের মাধ্যমে ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসন

সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬টি Mass Rapid Transit (MRT) বা মেট্রোরেলের সমন্বয়ে মোট ১২৮.৭৪১ কিলোমিটার (উড়াল ৬৭.৫৬৯ কিলোমিটার এবং পাতাল ৬১.১৭২ কিলোমিটার) দীর্ঘ ও ১০৪টি স্টেশন (উড়াল ৫১টি এবং পাতাল ৫৩টি) বিশিষ্ট একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করেছে। এ কর্মপরিকল্পনা অনুসরণে উত্তরা ৩য় পর্ব থেকে মতিঝিল পর্যন্ত ২০.১০ কিলোমিটার দীর্ঘ ১৬টি স্টেশন বিশিষ্ট MRT Line-6 বা বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেলের নির্মাণ কাজ পুরোদমে এগিয়ে চলছে। মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুসরণে মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত MRT Line-6 বর্ধিত করার উদ্যোগ প্রক্রিয়াধীন আছে। ২০২৬ সালের মধ্যে কমলাপুর থেকে বিমানবন্দর পর্যন্ত ১৯.৮৭২ কিলোমিটার পাতাল এবং নতুন বাজার থেকে পিতলগঞ্জ ডিপো পর্যন্ত ১১.৩৬৯ কিলোমিটার উড়াল মোট ৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ ও ২১টি স্টেশন বিশিষ্ট MRT Line-1 নির্মাণের লক্ষ্যে Detailed Design এর কাজ চলছে। কমলাপুর থেকে বিমানবন্দর রুটেই বাংলাদেশে প্রথম পাতাল বা আন্ডারগ্রাউন্ড মেট্রোরেল নির্মিত হতে যাচ্ছে। ২০২৮ সালের মধ্যে উড়াল ও পাতাল মেট্রোরেলের সমন্বয়ে ২০ কিলোমিটার (পাতাল ১৩.৫০ কিলোমিটার এবং উড়াল ৬.৫০ কিলোমিটার) দীর্ঘ ও ১৪টি স্টেশন বিশিষ্ট MRT Line-5: Northern Route-এর Detailed Design, Tender Assistance and Construction Supervision-এর জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ করা হয়েছে। এটি হবে ঢাকা মহানগরীর প্রথম পূর্ব-পশ্চিম MRT Corridor। ২০৩০ সালের মধ্যে গাবতলী হতে দাশেরকান্দী পর্যন্ত উড়াল ও পাতাল সমন্বয়ে ১৭.৪০ কিলোমিটার (পাতাল ১২.৮০ কিলোমিটার এবং উড়াল ৪.৬০ কিলোমিটার) দীর্ঘ এবং ১৬টি স্টেশন বিশিষ্ট MRT Line-5: Southern Route-এর পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। একই সময়ের মধ্যে G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে MRT Line-2 নির্মাণের লক্ষ্যে Full Scale Study (FSS) করার নিমিত্ত পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ করা হয়েছে। ২০৩০ সালের মধ্যে PPP পদ্ধতিতে MRT Line-4 নির্মাণের উদ্যোগ প্রক্রিয়াধীন আছে।

ঢাকা মেট্রোরেল নেটওয়ার্ক নির্মাণের নিমিত্ত সরকারের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০

ক্রম	এমআরটি লাইনের নাম	পর্যায়	সম্ভাব্য সমাপ্তির সাল	ধরণ
১	এমআরটি লাইন-৬	প্রথম	২০২৪	উড়াল
২	এমআরটি লাইন-১	দ্বিতীয়	২০২৬	উড়াল ও পাতাল
৩	এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট		২০২৮	
৪	এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট	তৃতীয়	২০৩০	
৫	এমআরটি লাইন-২			
৬	এমআরটি লাইন-৪			উড়াল

সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ এর আওতায় ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকা নিয়ে ০৬(ছয়)টি এমআরটি লাইন সমন্বয়ে গঠিত মেট্রোরেল নেটওয়ার্ক বাস্তবায়নের নিমিত্ত গৃহীত প্রকল্পসমূহের পর্যায় নিম্নরূপ:

প্রকল্পের নাম	বাস্তবায়ন পর্যায়
ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬)	বাস্তবায়নাধীন
ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১)	
ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): নর্দার্ন রুট	
ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): সাউদার্ন রুট	
ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-২)	
ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৪)	PPP পদ্ধতিতে বাস্তবায়নের উদ্যোগ প্রক্রিয়াধীন

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় বাস্তবায়নাধীন সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০-এ অন্তর্ভুক্ত Mass Rapid Transit (MRT) বা মেট্রোরেল নেটওয়ার্কের মোট দৈর্ঘ্য ১২৮.৭৪১ কিলোমিটার। তন্মধ্যে উড়াল ৬৭.৫৬৯ কিলোমিটার এবং পাতাল ৬১.১৭২ কিলোমিটার। মোট স্টেশন সংখ্যা ১০৪টি। তন্মধ্যে উড়াল ৫১টি এবং পাতাল ৫৩টি। এমআরটি লাইনভিত্তিক বিভাজন নিম্নে দেয়া হল:

এমআরটি লাইনের নাম	কিলোমিটারে দৈর্ঘ্য			স্টেশনের সংখ্যা		
	মোট	উড়াল	পাতাল	মোট	উড়াল	পাতাল
এমআরটি লাইন-৬	*২০.১০	২০.১০	-	১৬	১৬	-
এমআরটি লাইন-১	৩১.২৪১	১১.৩৬৯	১৯.৮৭২	২১	০৭	১৪
এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট	২০.০০	০৬.৫০	১৩.৫০	১৪	০৫	০৯
এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট	১৭.৪০	০৪.৬০	১২.৮০	১৬	০৪	১২
এমআরটি লাইন-২	২৪.০০	০৯.০০	১৫.০০	২২	০৪	১৮
এমআরটি লাইন-৪	১৬.০০	১৬.০০	-	১৫	১৫	-
মোট	১২৮.৭৪১	৬৭.৫৬৯	৬১.১৭২	১০৪	৫১	৫৩

* মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত ১.১৬ কিলোমিটার বর্ধিত করার উদ্যোগ প্রক্রিয়াধীন আছে।

Upcoming Mass Rapid Transit (MRT) বা মেট্রোরেলসমূহ

মেট্রোরেল আইন ২০১৫ এর ধারা-১ এর উপধারা-(২) (ক) অনুযায়ী সরকারের ঢাকা, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, গাজীপুর এবং নরসিংদী জেলাকে মেট্রোরেলের কার্যক্রমের আওতায় আনার পরিকল্পনা রয়েছে। সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ এর আওতায় নারায়ণগঞ্জ মহানগরীকে মেট্রোরেল নেটওয়ার্কের আওতায় আনা হচ্ছে। প্রণীতব্য দ্বিতীয় কর্মপরিকল্পনায় এমআরটি লাইন-৬ কে গাজীপুর মহানগরী পর্যন্ত, এমআরটি লাইন-১ কে পূর্ব দিকে বর্ধিত করে নরসিংদী জেলার মাধবদী পর্যন্ত ও দক্ষিণ দিকে বর্ধিত করে মুন্সিগঞ্জ জেলার ঝিলমিল পর্যন্ত, এমআরটি লাইন-৫: নর্দার্ন রুটকে ঢাকা জেলার নবীনগর পর্যন্ত এবং এমআরটি লাইন-৫: সাউদার্ন রুটকে নারায়ণগঞ্জ জেলার বরপা পর্যন্ত বর্ধিত করার পরিকল্পনা রয়েছে। এরই ধারাবাহিকতায় অদূর ভবিষ্যতে মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ এবং নরসিংদী জেলা শহরকে মেট্রোরেল নেটওয়ার্কের আওতায় আনা হবে। Strategic Transport Plan 2015-2035 (Revised and updated up to 2015) এর পরবর্তী সংশোধনের সময় Upcoming Mass Rapid Transit (MRT) বা মেট্রোরেলসমূহ অন্তর্ভুক্তির উদ্যোগ গ্রহণ করা হবে। একই আইনের ধারা-১ এর উপধারা-(২) (খ) অনুযায়ী চট্টগ্রাম মহানগরীতে সরকারের মেট্রোরেল নির্মাণের পরিকল্পনা রয়েছে।

Mass Rapid Transit (MRT) Network in Dhaka City and Adjoining Areas

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকা সমন্বয়ে গঠিত মেট্রোরেল নেটওয়ার্ক

মুজিব জন্মশতবার্ষিকী উদ্‌যাপন

স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্ম শতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর খ্রিস্টিয় বর্ষপঞ্জি ২০২০ এর মোড়ক ০১ জানুয়ারি ২০২০ তারিখ মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী জনাব ওবায়দুল কাদের, এমপি উন্মোচন করেন।



মুজিব জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে ডিএমটিসিএল এর খ্রিস্টিয় বর্ষপঞ্জি ২০২০ এর মোড়ক উন্মোচন

মুজিব জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে **নিপীড়িত মানবের মুক্তির মহানায়ক শেখ মুজিবুর রহমান** এবং **বাংলাদেশকে জানতে বঙ্গবন্ধু শেখ মুজিবকে জানো, বঙ্গবন্ধু শেখ মুজিবকে জানতে বাংলাদেশকে জানো** স্লোগান সংবলিত দুইটি পৃথক পোস্টার বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেলের রুট এ্যালাইনমেন্টের উভয় পার্শ্বে লাগানো হয়েছে। **স্বপ্নের বাস্তবায়ন: মেট্রোরেল** এবং **Dream Comes True: Metro Rail** নামে বাংলা ও ইংরেজিতে একত্রে মিনি পুস্তিকা প্রকাশের খসড়া চূড়ান্ত করা হয়েছে। আগামী ১৭ অক্টোবর ২০২০ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জীবন ও কর্মের উপর একটি আলোচনা সভা অনুষ্ঠান আয়োজন জন্য নির্ধারিত আছে।

মুজিব জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে এমআরটি লাইন-৬ এর রুট এ্যালাইনমেন্টের উভয় পার্শ্বে লাগানো প্রথম পোস্টার

মুজিব জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে এমআরটি লাইন-৬ এর রুট এ্যালাইনমেন্টের উভয় পার্শ্বে লাগানো দ্বিতীয় পোস্টার

বার্ষিক সাধারণ সভা

Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এর ৬ষ্ঠ বার্ষিক সাধারণ সভা ২৩ ডিসেম্বর ২০১৯ তারিখ অনুষ্ঠিত হয়। এ বার্ষিক সাধারণ সভায় কোম্পানির ৩০ জুন ২০১৯ তারিখে সমাপ্ত বছরের হিসাব বিবরণীসমূহ, নিরীক্ষকের প্রতিবেদন, পরিচালকমন্ডলীর প্রতিবেদন, পরিচালকগণের নির্বাচন/পুনঃনির্বাচন, কোম্পানির নিরীক্ষক পুনঃনিয়োগ এবং নিরীক্ষকের ফি বিবেচনা করে অনুমোদন করা হয়। উল্লেখ্য যে, ডিএমটিসিএল-এর প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ এবং পঞ্চম বার্ষিক সাধারণ সভা যথাক্রমে গত ১৬ নভেম্বর ২০১৪ তারিখ, ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখ, ২৮ ডিসেম্বর ২০১৬ তারিখ, ২৭ ডিসেম্বর ২০১৭ তারিখ ও ২৬ ডিসেম্বর ২০১৮ তারিখ অনুষ্ঠিত হয়েছিল।

২৩ ডিসেম্বর ২০১৯ তারিখ অনুষ্ঠিত ডিএমটিসিএল-এর ৬ষ্ঠ বার্ষিক সাধারণ সভা

পরিচালনা পরিষদ

Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এর ১১ সদস্য বিশিষ্ট একটি পরিচালনা পরিষদ রয়েছে (পরিশিষ্ট-ক)। পরিচালনা পরিষদের প্রথম সভা ১৬ নভেম্বর ২০১৪ তারিখ অনুষ্ঠিত হয়েছিল। ০১ জুলাই ২০১৯ থেকে ৩০ জুন ২০২০ তারিখ পর্যন্ত যাঁরা পরিচালনা পরিষদের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন তাঁদের তালিকা পরিশিষ্ট-খ তে দেয়া হয়েছে। এরই ধারাবাহিকতায় ৩০ জুন ২০২০ তারিখ পর্যন্ত পরিচালনা পরিষদের মোট ৩৭টি সভা অনুষ্ঠিত হয়েছে (পরিশিষ্ট-গ)। তন্মধ্যে ২০১৯-২০২০ অর্থবছরে পরিচালনা পরিষদের মোট ৫টি সভা অনুষ্ঠিত হয়। ৫টি সভার মধ্যে ৩৭তম বোর্ড সভা নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারী পরিস্থিতিতে ভার্চুয়াল পদ্ধতিতে অনুষ্ঠিত হয়েছে। সভাসমূহে গৃহীত ২২টি সিদ্ধান্তের মধ্যে সকল সিদ্ধান্তই ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে।

২৩ ডিসেম্বর ২০১৯ তারিখ অনুষ্ঠিত ডিএমটিসিএল-এর ৩৬তম বোর্ড সভা

বার্ষিক উন্নয়ন কর্মসূচি

২০১৯-২০২০ অর্থবছরে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় বৈদেশিক সহায়তাপুষ্ট ০৫টি প্রকল্প (০৩টি বিনিয়োগ প্রকল্প ও ০২টি কারিগরি সহায়তা প্রকল্প) বাস্তবায়নাধীন। এ প্রকল্পসমূহের অনুকূলে ২০১৯-২০২০ অর্থবছরে মোট বরাদ্দ ৫,১৬৫.২৩ কোটি (জিওবি ২,৩৩৩.১৩ কোটি ও প্রকল্প সাহায্য ২,৮৩২.১০ কোটি) টাকা। এ অর্থবছরের বরাদ্দের বিপরীতে মোট ব্যয় হয়েছে ৪,২২২.৪১ কোটি টাকা। এ ব্যয় মোট বরাদ্দের ৮১.৭৫%। নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারী পরিস্থিতিতে এবং অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ পদক্ষেপের আওতায় ২৮৭.৭৪ কোটি টাকা ছাড় না পাওয়ায় ডিএমটিসিএল এর অনুকূলে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যয় করা সম্ভবপর হয়নি। উল্লেখ্য যে, ডিএমটিসিএল ২০১৭-২০১৮ অর্থবছরে মোট বরাদ্দের ৯৬.৩৬% এবং ২০১৮-২০১৯ অর্থবছরে মোট বরাদ্দের ১০২.২৮% অর্থ ব্যয় করেছিল। ২০১৯-২০২০ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রকল্পভিত্তিক বরাদ্দ ও ব্যয় এবং বাস্তবায়নের শতকরা হার নিম্নরূপ:

(কোটি টাকায়)

	প্রকল্পের নাম	মোট বরাদ্দ	মোট ব্যয়	%
১.	এমআরটি লাইন-৬	৪৩২৬.৭৩	৩৭৯৩.৯২	৮৭.৬৯
২.	এমআরটি লাইন-১ [ই/এস]	২১০.৪১	১৫৬.৪৮	৭৪.৩৭
৩.	এমআরটি লাইন-১	৪৮৭.৮৪	২০০.০০	৪১.০০
৪.	এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট	১৪০.০০	৭১.৮২	৫১.৩০
৫.	এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট	০.২৫	০.১৯	৭৬.০০
	ডিএমটিসিএল মোট	৫১৬৫.২৩	৪২২২.৪১	৮১.৭৫

মেট্রোরেল লাইসেন্স

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় বাস্তবায়নাধীন MRT Line-6 বা বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল নির্মাণ, পরিচালনা ও ব্যবস্থাপনার নিমিত্ত সরকার গত ০৩ জুন ২০১৯ তারিখ ডিএমটিসিএল এর অনুকূলে মেট্রোরেল লাইসেন্স নম্বর-০১/২০১৯ ইস্যু করেছে। গত ২১ জুলাই ২০১৯ তারিখ মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় ডিএমটিসিএল এর নিকট আনুষ্ঠানিকভাবে MRT Line-6 এর লাইসেন্স হস্তান্তর করেন। ডিএমটিসিএল এর আওতায় বাস্তবায়নাধীন MRT Line-1 নির্মাণ, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ এবং ব্যবস্থাপনার নিমিত্ত মেট্রোরেল লাইসেন্স গ্রহণের জন্য মেট্রোরেল আইন ২০১৫ এবং মেট্রোরেল বিধিমালা ২০১৬ অনুযায়ী গত ০৭ অক্টোবর ২০১৯ তারিখ আবেদন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। বর্তমানে বিষয়টি যাচাই কমিটির নিকট চূড়ান্ত সুপারিশের নিমিত্ত প্রক্রিয়াধীন আছে।

মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় ডিএমটিসিএল এর নিকট MRT Line-6 এর লাইসেন্স হস্তান্তর করেন

স্বতন্ত্র বিশেষায়িত MRT Police Force গঠন

গত ১৬ সেপ্টেম্বর ২০১৯ তারিখ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে গণভবনে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ এবং এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় মাননীয় প্রধানমন্ত্রী সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০-এ অন্তর্ভুক্ত MRT Network-এর নিরাপত্তা নিশ্চিত করার নিমিত্ত স্বতন্ত্র বিশেষায়িত MRT Police Force দ্রুত গঠন করতে অনুশাসন প্রদান করেন। এ অনুশাসন অনুসরণে স্বতন্ত্র বিশেষায়িত MRT Police Force গঠন কার্যক্রম জননিরাপত্তা বিভাগে প্রক্রিয়াধীন রয়েছে। সভা শেষে মাননীয় প্রধানমন্ত্রীকে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ এর আওতায় বাস্তবায়নাধীন মেট্রোরেল নেটওয়ার্ক ম্যাপ হস্তান্তর করা হয়।

মাননীয় প্রধানমন্ত্রী-কে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ এর আওতায় বাস্তবায়নাধীন মেট্রোরেল নেটওয়ার্ক ম্যাপ হস্তান্তর

Transit Oriented Development (TOD) Hub

শুধু ভাড়া আদায়ের আয় থেকে লাভজনকভাবে মেট্রোরেল পরিচালনা করা যায় না। এ প্রেক্ষাপট বিবেচনায় ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০-এর MRT Network-এ অন্তর্ভুক্ত প্রতিটি লাইনের রুট এ্যালাইনমেন্টের পার্শ্ববর্তী এলাকায় অথবা ডিপোতে একটি করে Transit Oriented Development (TOD) Hub গড়ে তোলার উদ্যোগ গ্রহণ করছে। এরই ধারাবাহিকতায় MRT Line-6 এর উত্তরা সেন্টার স্টেশন সংলগ্ন ভূমিতে Transit Oriented Development (TOD) Hub নির্মাণের নিমিত্ত রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) কর্তৃক ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর অনুকূলে ২৮.৬১৭ একর ভূমি বরাদ্দ করা হয়েছে। বরাদ্দ প্রাপ্ত ভূমির মূল্য বাবদ ৮৬৫,৬৮,২৬,৪৭০.৮৬/- টাকা গত ৮ জুন ২০২০ তারিখ রাজউক-কে পরিশোধ করা হয়েছে। MRT Line-1, MRT Line-5: Northern Route এবং MRT Line-5: Southern Route এর আওতায় TOD নির্মাণের নিমিত্ত ভূমির অনুসন্ধান চলছে।

Station Plaza

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) লাভজনকভাবে পরিচালনার নিমিত্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০-এ অন্তর্ভুক্ত MRT Network-এর আন্ত:লাইন সংযোগ স্টেশন সংলগ্ন এলাকায় ও প্রধান প্রধান স্টেশন সংলগ্ন এলাকায় ক্রমান্বয়ে Station Plaza গড়ে তোলার উদ্যোগ গ্রহণ করছে। এরই ধারাবাহিকতায় MRT Line-6 এর উত্তরা উত্তর, উত্তরা সেন্টার, পল্লবী, আগারগাঁও ও ফার্মগেট মেট্রো স্টেশন সংলগ্ন এলাকায় ০৫ (পাঁচ)টি Station Plaza নির্মাণে Japan International Cooperation Agency (JICA) সহায়তা প্রদান করতে প্রাথমিকভাবে সম্মত হয়েছে। এ প্রেক্ষাপটে উপরোল্লিখিত ০৫ (পাঁচ)টি স্টেশন সংলগ্ন এলাকায় Station Plaza নির্মাণের জন্য প্রাথমিকভাবে ভূমি চিহ্নিত করা হয়েছে। প্রাথমিকভাবে চিহ্নিত ভূমি Station Plaza নির্মাণের জন্য যথোপযুক্ত কিনা তা পরীক্ষা-নিরীক্ষা করে দেখা হচ্ছে।

যানজট নিরসনে মেট্রোরেল

মেট্রোরেলে অল্প সময়ে অধিক সংখ্যায় যাত্রী পরিবহন করা সম্ভব হবে। এতে ছোট ছোট যানবাহনের ব্যবহার ব্যাপকভাবে হ্রাস পাবে। জীবাশ্ম জ্বালানীর ব্যবহার বহুলাংশে কমে যাবে। ঢাকা মহানগরীর যাতায়াত ব্যবস্থায় ভিন্ন মাত্রা ও গতি যোগ হবে। যানজট বহুলাংশে হ্রাস পাবে। মহানগরবাসীর কর্মঘন্টা সাশ্রয় হবে। দেশের আর্থ-সামাজিক উন্নয়নে সাশ্রয়কৃত কর্মঘন্টা ব্যবহার করা যাবে। GDP Growth Rate বৃদ্ধি পাবে।

পরিবেশ উন্নয়নে মেট্রোরেল

মেট্রোরেল সম্পূর্ণ বিদ্যুৎ চালিত বিধায় কোন ধরণের জীবাশ্ম ও তরল জ্বালানী ব্যবহৃত হবে না। ফলে বায়ু দূষণ হওয়ার কোন সুযোগ নেই। Railway Track এর নিচে Mass Spring System থাকবে। Continuous Welded Rail ব্যবহার করা হবে। উড়াল মেট্রোরেলের ভায়াডাক্টের উভয় পার্শ্বে শব্দ প্রতিবন্ধক দেয়াল থাকবে এবং পাতাল মেট্রোরেলের টানেল সংলগ্ন মাটি শব্দ প্রতিরোধ হিসেবে কাজ করবে। ফলশ্রুতিতে মেট্রোরেলে শব্দ ও কম্পন দূষণ মাত্রা সহনীয় মানদন্ড সীমার অনেক নিচে থাকবে। সার্বিকভাবে পরিবেশ উন্নয়নে ব্যাপক ভূমিকা রাখবে।

ঢাকা মেট্রোরেল: তরুণ প্রকৌশলীদের সম্ভাবনার নতুন দুয়ার

অত্যাধুনিক নগর পরিবহন হিসেবে মেট্রোরেল বিভিন্ন প্রকৌশল বিভাগের একটি সমন্বিত কার্যক্রম। ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় ঢাকা মেট্রোরেল নেটওয়ার্ক নির্মাণের নিমিত্ত সরকারের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ বাস্তবায়িত হওয়ার পর শুধু ডিএমটিসিএল এর অধীনে নতুন ১২ হাজার গ্র্যাজুয়েট প্রকৌশলী ও মাঠ প্রকৌশলীদের চাকুরীর সংস্থান হবে। এরই ধারাবাহিকতায় Forward ও Backward Linkage শিল্প স্থাপন ও সেবা কার্যক্রমের মাধ্যমে আরও তিনগুণ নতুন কর্মসংস্থান সৃষ্টির সম্ভাবনা রয়েছে। ফলশ্রুতিতে মেট্রোরেল নেটওয়ার্ক নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও পরিচালনার জন্য দেশের অভ্যন্তরে দক্ষ জনশক্তি তৈরী হবে। এই দক্ষ জনশক্তি দেশের চাহিদা পূরণ করেও বিশ্বের বিভিন্ন দেশের সম্প্রসারমান মেট্রোরেলে কাজ করতে পারবেন। এতে বাংলাদেশের Remittance প্রবাহে ইতিবাচক প্রভাব পড়বে।

Enterprise Resource Management System সংগ্রহ

ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬) এর মাধ্যমে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর জন্য Enterprise Resource Management System (ERMS) সংগ্রহের নিমিত্ত ১০০ (একশত) কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে MRT Line-6 এর DPP-তে নতুন প্যাকেজ CP-09 অন্তর্ভুক্ত করা হয়েছে। এরই ধারাবাহিকতায় নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান NKDM Association এর আওতায় Enterprise Resource Management System (ERMS) পরামর্শক সংগ্রহের কার্যক্রম চলমান রয়েছে।

মেট্রোরেল আইন ২০১৫ সংশোধন

মেট্রোরেল আইন ২০১৫ তে Underground বা পাতাল মেট্রোরেল নির্মাণ, রক্ষণাবেক্ষণ, পরিচালনা ও ব্যবস্থাপনার বিষয়ে বিস্তারিত উল্লেখ নেই। ইতোমধ্যে বাংলাদেশের প্রথম পাতাল মেট্রোরেল নির্মাণের নিমিত্ত Detailed Design-এর কাজ চলছে। এ প্রেক্ষাপটে এখনই Underground বা পাতাল মেট্রোরেল নির্মাণ, রক্ষণাবেক্ষণ, পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য মেট্রোরেল আইন ২০১৫ সংশোধন করা প্রয়োজন। এ লক্ষ্যে ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) [ই/এস]-এর আওতায় মেট্রোরেল আইন ২০১৫ সংশোধনের নিমিত্ত Individual Consultant নিয়োগের উদ্যোগ প্রক্রিয়াধীন আছে।

ডিএমটিসিএল-এর কর্মচারী চাকুরি বিধিমালা

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর কোন কর্মচারী চাকুরি বিধিমালা নেই। নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান প্রণীত Job Description-এ উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে নিয়োগ বিজ্ঞপ্তি প্রদান করে কর্মচারী নিয়োগ করা হয়। ডিএমটিসিএল এর কর্মচারী নিয়োগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা এবং নিয়োগ প্রাপ্ত কর্মচারীদের Career Planning-এর নিমিত্ত কর্মচারী চাকুরি বিধিমালা প্রণয়ন করা প্রয়োজন। এ প্রেক্ষাপট বিবেচনায় ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) [ই/এস]-এর আওতায় ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর কর্মচারী চাকুরি বিধিমালা প্রণয়নের নিমিত্ত Individual Consultant নিয়োগের উদ্যোগ প্রক্রিয়াধীন আছে।

জনবল

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)

Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এর অনুমোদিত জনবল সংখ্যা ১৯১৯। বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত দক্ষ জনবল তৈরীর লক্ষ্যে ২০১৯-২০২০ অর্থবছরে ১৩৬টি পদ পূরণের নিমিত্ত নিয়োগ বিজ্ঞপ্তি-৬, নিয়োগ বিজ্ঞপ্তি-৭ এবং বিশেষ নিয়োগ বিজ্ঞপ্তি-১ প্রদান করা হয়। প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছায়ের পর ৩০টি পদের নিয়োগ পরীক্ষা গত ০৫ মার্চ ২০২০ তারিখ Bangladesh University of Engineering and Technology (BUET) এবং স্টেশন কন্ট্রোলার ও ট্রেন অপারেটর এর ৮৪টি পদের নিয়োগ পরীক্ষা গত ২৮ ফেব্রুয়ারি ২০২০ তারিখ Military Institute of Science and Technology (MIST) গ্রহণ করে। বিশেষ নিয়োগ বিজ্ঞপ্তি-১ এর আওতায় ২২টি পদের বিপরীতে দরখাস্ত গ্রহণ করা হচ্ছে। ২০১৯-২০২০ অর্থবছরে ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে কোম্পানি গ্রেড-৯ ও তদুর্দ্ধ পর্যায়ে যাঁরা দায়িত্ব পালন করেছেন তাঁদের তালিকা **পরিশিষ্ট-ঘ** তে দেয়া হয়েছে।

ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬)

Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এর আওতায় বাস্তবায়নাধীন ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬) এর অনুমোদিত জনবল ১৪১ জন। বর্তমানে ১২৫ জন কর্মরত আছেন। অবশিষ্ট ১৬টি পদ পূরণের নিমিত্ত উদ্যোগ প্রক্রিয়াধীন রয়েছে।

ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) [ই/এস]

Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় বাস্তবায়নাধীন ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) [ই/এস] এর অনুমোদিত জনবল ১০৪ জন। বর্তমানে ৭০ জন কর্মরত আছেন। অবশিষ্ট জনবল পূরণের নিমিত্ত উদ্যোগ প্রক্রিয়াধীন আছে।

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১)

Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় বাস্তবায়নাধীন ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) অনুমোদিত জনবল ১৭৪ জন। বর্তমানে ০১ জন কর্মরত আছেন। অবশিষ্ট জনবল পূরণের নিমিত্ত উদ্যোগ প্রক্রিয়াধীন আছে। উল্লেখ্য যে, ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) [ই/এস] এর জনবল নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১)-এ দায়িত্ব পালন করছেন।

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): নর্দার্ন রুট

Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় বাস্তবায়নাধীন ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): নর্দার্ন রুট এর অনুমোদিত জনবল ১৯৬ জন। বর্তমানে ০২ জন কর্মরত আছেন। অবশিষ্ট জনবল পূরণের নিমিত্ত উদ্যোগ প্রক্রিয়াধীন আছে।

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): সাউদার্ন রুট

Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় বাস্তবায়নাধীন ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): সাউদার্ন রুট এর অনুমোদিত জনবল ৮৬ জন। বর্তমানে ০১ জন কর্মরত আছেন। অবশিষ্ট জনবল পূরণের নিমিত্ত উদ্যোগ প্রক্রিয়াধীন আছে।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

২০১৯-২০২০ অর্থ বছরে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর মধ্যে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কৌশলগত উদ্দেশ্যসমূহের মোট ১৬টি সূচকের মধ্যে ০৭টি সূচক শতভাগ অর্জিত হয়েছে এবং অবশিষ্ট ৯টি সূচক নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারী পরিস্থিতিতে শতভাগ বাস্তবায়ন সম্ভবপর হয়নি। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের মোট ৩৩টি সূচকের মধ্যে ৩০টি সূচক শতভাগ অর্জিত হয়েছে এবং অবশিষ্ট ০৩টি সূচক নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারী পরিস্থিতিতে শতভাগ অর্জন সম্ভবপর হয়নি। ফলশ্রুতিতে মোট ৪৯টি সূচকের মধ্যে জুন ২০২০ মাস পর্যন্ত ৩৭টি সূচকের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হয়েছে এবং অবশিষ্ট ১২টি সূচকের লক্ষ্যমাত্রা নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারী পরিস্থিতিতে অর্জিত না হলেও বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক মূল্যায়নে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর মোট স্কোর ৭৮.৬২%।

ডিএমটিসিএল এবং এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প সমূহের পরিচালকগণের সঙ্গে APA চুক্তি স্বাক্ষর

জাতীয় শুদ্ধাচার কৌশল

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর ২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার সকল কোয়ার্টারের সকল লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হয়েছে। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক মূল্যায়নে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর মোট স্কোর ১০০%।

মাসিক সমন্বয় সভা

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের প্রশাসনিক ও প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত গত ডিসেম্বর ২০১৮ মাস থেকে ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল এর সভাপতিত্বে মাসিক সমন্বয় সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে। প্রতিমাসের প্রথম বুধবার মাসিক সমন্বয় সভার জন্য নির্ধারণ করা আছে। নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারী পরিস্থিতিতেও ২০১৯-২০২০ অর্থবছরে প্রতিমাসে মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় চ্যালেঞ্জসমূহ চিহ্নিত করে উত্তরণের উপায় নির্ধারণ করা হয় ও তদঃভিত্তিতে চ্যালেঞ্জসমূহকে opportunity-তে রূপান্তর করা হয়।

গত ০৬ ডিসেম্বর ২০১৯ তারিখ অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভা

উত্তম চর্চা

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এবং এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে উত্তম চর্চার মাধ্যমে প্রশাসনিক ও প্রকল্প বাস্তবায়নে গতিশীলতা আনা হয়েছে। বাস্তব অবস্থার প্রেক্ষিতে উত্তম চর্চায় পরিবর্তন আনা হয়। ২০১৯-২০২০ অর্থ বছরে ডিএমটিসিএল এবং এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে যে সকল উত্তম চর্চা করা হয়েছে তা নিম্নে প্রদান করা হল:

ক) Enterprise Resource Management System (ERMS) প্রবর্তন: ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর আওতায় বাস্তবায়নাধীন ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬) এর নির্মাণ কাজের অর্ধেকের বেশী ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। মেট্রোরেল পরিচালনা ও রক্ষণাবেক্ষণের নিমিত্ত বিপুল পরিমান সরঞ্জাম ও যন্ত্রপাতি সংগ্রহ করা হয়েছে/হচ্ছে। মেট্রো ট্রেনের নির্মাণ জাপানে পুরোদমে চলছে। এ প্রেক্ষাপটে ডিএমটিসিএল এর আওতায় বাস্তবায়নাধীন মেট্রোরেলসমূহে সরঞ্জাম, যন্ত্রপাতি, মেট্রো ট্রেন এবং স্থাবর ও অস্থাবর সম্পত্তির ডাটাবেজ তৈরী, সুষ্ঠু ব্যবস্থাপনা, সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ করার নিমিত্ত ডিএমটিসিএল এর Enterprise Resource Management System (ERMS) সংগ্রহের কাজ শুরু করা হয়েছে।

খ) নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারী পরিস্থিতিতে এমআরটি লাইন-৬ এর কাজ অব্যাহত রাখা: নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারী পরিস্থিতিতে মেট্রোরেলের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে ও শারীরিক দুরত্ব বজায় রেখে প্রথম দিন থেকেই অব্যাহত রাখা হয়। প্রথম তিন মাস দেশে ও বিদেশে Home Assignment ও Home Office Assignment-এ Design-এর কাজ করা হয়। একই সঙ্গে Industrial Assignment এর মাধ্যমে কারখানায় সরঞ্জামাদি ও মেট্রো ট্রেন নির্মাণের কাজ অব্যাহত রাখা হয়। ৪র্থ মাস থেকেই COVID-19 Screeing ব্যবস্থা প্রবর্তন করে মাঠ পর্যায়ের কাজ শুরু করা হয় এবং পর্যায়ক্রমে কাজের পরিধি বৃদ্ধি করা হয়।

গ) নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারী পরিস্থিতিতে এমআরটি লাইনসমূহে কর্মরত বিদেশী নাগরিকদের বাংলাদেশে প্রত্যাবর্তনের ব্যবস্থা করা: গত ৮ মার্চ ২০২০ তারিখ বাংলাদেশে প্রথম নভেল করোনা ভাইরাস (COVID-19) শনাক্ত হয় এবং ক্রমান্বয়ে শনাক্তের হার বৃদ্ধি পেতে থাকে। এ প্রেক্ষাপটে সরকার নভেল করোনা ভাইরাস (COVID-19) প্রতিরোধ ও এর প্রাদুর্ভাব রোধে গত ২৬ মার্চ ২০২০ তারিখ থেকে সাধারন ছুটি ঘোষণা করে। এ পরিস্থিতিতে এমআরটি লাইনসমূহে কর্মরত অধিকাংশ বিদেশী নাগরিকগণ নিজ নিজ দেশে প্রত্যাবর্তন করেন। বিদেশী নাগরিকদের বাংলাদেশে ফিরিয়ে এনে কাজে নিয়োজিত করার নিমিত্ত ডিএমটিসিএল বিশেষ উদ্যোগ গ্রহণ করে। এ উদ্যোগের ধারাবাহিকতায় MRT Line-6 এর নির্মাণস্থলের সন্নিকটে অস্থায়ী আবাসিক স্থাপনা নির্মাণ করা হয়। COVID-19 Positive জনবলকে হোম অথবা প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনে রাখা নিশ্চিত করা হয়। প্রয়োজনে সরকারি বা চুক্তিবদ্ধ হাসপাতালে ভর্তি করা হয়। নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারী পরিস্থিতি মোকাবেলায় ও কর্মরত বিদেশী জনবলের COVID-19 চিকিৎসায় আস্থা সৃষ্টির লক্ষ্যে গাবতলীস্থ কন্সট্রাকশন ইয়ার্ডে ১০ শয্যা বিশিষ্ট এবং উত্তরাস্থ পঞ্চবটি কন্সট্রাকশন ইয়ার্ডে ১৪ শয্যা বিশিষ্ট Isolation Center (Field Hospital) নির্মাণ করা হয়। এতে বিদেশী নাগরিকদের বাংলাদেশে ফিরে আসার আগ্রহ সৃষ্টি হয়। বিভিন্ন দেশের সঙ্গে বিমান চলাচল বন্ধ থাকা সত্ত্বেও বিশেষ উদ্যোগে বিদেশী পরামর্শক ও ঠিকাদারী প্রতিষ্ঠানের জনবলকে বাংলাদেশে ফিরিয়ে এনে কাজে নিয়োজিত করা হয়।

ঘ) ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে কর্মরত কর্মচারীদের জন্য করোনা সহায়তা তহবিল গঠন: ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে কর্মরত কর্মচারীদের মধ্যে ১১-২০ গ্রেডের যে সকল কর্মচারী নভেল করোনা ভাইরাস (COVID-19)-এ আক্রান্ত হয়েছেন/হচ্ছেন তাঁদেরকে প্রয়োজনে সহায়তা করার নিমিত্ত ১-১০ গ্রেডের কর্মচারীগণ স্বেচ্ছা অনুদান প্রদান করে **করোনা সহায়তা তহবিল** গঠন করেছেন। নির্ধারিত গ্রেডের করোনা আক্রান্ত কর্মচারীদের এ তহবিল হতে প্রয়োজন অনুযায়ী সহায়তা প্রদান করা হচ্ছে।

সিটিজেন চার্টার

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর সিটিজেন চার্টার ওয়েবসাইটে আপলোড করা আছে। প্রতি বছর সেবার পরিধি বৃদ্ধি বা পরিবর্তনের সঙ্গে সামঞ্জস্য রেখে সিটিজেন চার্টার হালনাগাদ করা হয়। সিটিজেন চার্টার অনুযায়ী সেবা গ্রহীতাগণ যাতে সেবা গ্রহণ করতে পারেন সে জন্য ডিএমটিসিএল সদা সচেষ্ট রয়েছে।

অংশীজন সভা

সোনার বাংলা গড়ার প্রত্যয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক এক অংশীজন সভা গত ২৯ ডিসেম্বর ২০১৯ তারিখ ডিএমটিসিএল এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অংশীজন এবং ডিএমটিসিএল এর কর্মকান্ডের সঙ্গে সম্পৃক্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/কার্যালয়/অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/ কোম্পানির কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। সভায় সর্বক্ষেত্রে সুশাসন প্রতিষ্ঠায় জাতীয় শুদ্ধাচার কৌশলের ভূমিকা ও এর বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করা হয়।

গত ২৯ ডিসেম্বর ২০১৯ তারিখ আয়োজিত সুশাসন প্রতিষ্ঠায় অংশীজন সভা

প্রাতিষ্ঠানিক গণশুনানি

নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারী পরিস্থিতিতে এবং করোনা পরবর্তী সময়ে মেট্রোরেলের উন্নয়ন কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে অংশীজনের সুচিন্তিত পরামর্শ ও মতামত গ্রহণের নিমিত্ত গত ২৪ জুন ২০২০ তারিখ ডিএমটিসিএল এর সম্মেলন কক্ষে উপস্থিত অংশীজন এবং Zoom Cloud-এর মাধ্যমে সংযুক্ত অংশীজন সমন্বয়ে প্রাতিষ্ঠানিক গণশুনানি অনুষ্ঠিত হয়। এ প্রতিষ্ঠানিক গণশুনানির বিষয়বস্তু ছিলো: নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারী পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে ও শারীরিক দূরত্ব বজায় রেখে ডিএমটিসিএল এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের কার্যক্রমে গতিশীলতা আনয়নে সুপারিশ/পরামর্শ গ্রহণ। সভায় অংশগ্রহণকারী অংশীজন বিষয়বস্তুর উপর সুচিন্তিত মতামত ও পরামর্শ প্রদান করেন।

গত ২৪ জুন ২০২০ তারিখ অনুষ্ঠিত প্রাতিষ্ঠানিক গণশুনানি

বিদায় সংবর্ধনা

সহকর্মীদের কর্মস্থল পরিবর্তন ও চাকুরী থেকে অবসর গ্রহণকালে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) বিদায় সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করে থাকে। এতে সহকর্মীদের মাঝে পারস্পারিক শ্রদ্ধাবোধ ও সহমর্মিতা গড়ে উঠে এবং সৃষ্ট নেটওয়ার্ক অব্যাহত থাকে। ২০১৯-২০২০ অর্থবছরে নিম্নোক্ত ০১ (এক) কর্মকর্তাকে বদলিজনিত কারণে বিদায় সংবর্ধনা প্রদান করা হয়েছে:

ক্রম	কর্মকর্তার নাম ও পরিচিত নম্বর	পদবি	অবমুক্তির তারিখ	ধরণ
১.	খান মোঃ মীজানুল ইসলাম	উপ-প্রকল্প পরিচালক (গণসংযোগ) এমআরটি লাইন-৬	০২ ফেব্রুয়ারি ২০২০	স্থানান্তর

গত ০২ ফেব্রুয়ারি ২০২০ তারিখ উপ-প্রকল্প পরিচালক (গণসংযোগ), এমআরটি লাইন-৬-কে আনুষ্ঠানিক বিদায় জানানো হয়

Digital বাংলাদেশ বিনির্মাণ

Interactive Website

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর একটি সমৃদ্ধ Interactive Website (www.dmtcl.gov.bd) রয়েছে। Website-এর সেবা বক্সসমূহ, Frequently Asked Question (FAQ) এবং জনস্বার্থ সংশ্লিষ্ট সকল তথ্য-উপাত্ত নিয়মিত হালনাগাদ করা হয়। যে কোন স্থান হতে যে কোন সময় ডিএমটিসিএল'র কার্যক্রম সম্পর্কে সকলে জানতে পারেন এবং মতামত, অভিযোগ ও পরামর্শ প্রদান করতে পারেন। এ Website-এ Facebook Page, Image Gallery ও Video Gallery সংযুক্ত আছে, যেখানে ডিএমটিসিএল সম্পর্কিত কার্যক্রম, ছবি ও ভিডিও নিয়মিত আপলোড করা হয়ে থাকে। Video Gallery তে YouTube Channel-এর লিংক সংযুক্ত আছে। ডিএমটিসিএল সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়াদি তাৎক্ষণিক গ্রুপভিত্তিক কর্মকর্তাদের অবহিত করার নিমিত্ত DMTCL-SMC, DMTCL এবং DMTCL-Grade 10 শিরোনামে তিনটি Messenger Group রয়েছে। ডিএমটিসিএল-এর Annual Performance Agreement (APA), Grievance Redress System (GRS), National Integrity Strategy (NIS), Right to Information (RTI), Annual Innovation Action Plan (AIAP), Citizen's Charter, Best Practices ইত্যাদি অর্থবছরভিত্তিক প্রণয়ন ও নিয়মিতভাবে বাস্তবায়ন অগ্রগতি হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করা হয়ে থাকে। ডিএমটিসিএল সংশ্লিষ্ট সকল আইন, বিধিমালা, নীতিমালা, গাইডলাইনস্, বিভিন্ন প্রকাশনা ইত্যাদিও ওয়েবসাইটে সন্নিবেশিত করা আছে। দ্রুত জনসেবা প্রদান ও প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে ওয়েবসাইটে টোল ফ্রি নাম্বারসমূহ সংযোজন করা হয়েছে।



ডিএমটিসিএল এর Web Banner

e-Service Roadmap Plan-2021

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) কর্তৃক প্রণীত e-Service Roadmap Plan-2021 এর আওতায় Management Information System (MIS) ও Metro Rail Citizen Apps (MRCA) প্রবর্তনের উদ্যোগ প্রক্রিয়াধীন রয়েছে।

ইলেকট্রনিক গভার্ণমেন্ট প্রকিউরমেন্ট (ই-জিপি) পোর্টাল

ডিএমটিসিএল এবং এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের রাজস্ব খাত সংশ্লিষ্ট ক্রয় প্রক্রিয়া ই-জিপি এর মাধ্যমে সম্পন্ন করার নিমিত্ত ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-কে গত ০৫ নভেম্বর ২০১৯ তারিখ ইলেকট্রনিক গভার্ণমেন্ট প্রকিউরমেন্ট (ই-জিপি) পোর্টালে অন্তর্ভুক্ত করা হয়েছে। কার্যকরভাবে ই-জিপি ব্যবহার করার নিমিত্ত ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে কর্মরত কর্মকর্তাদের পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬; পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এবং Bangladesh e-Government Procurement (e-GP) Guidlines 2011 এর উপর গত ১৫-৩০ মার্চ ২০২০ তারিখ বিয়ামে প্রশিক্ষণের আয়োজন করা হয়। কিন্তু নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারী পরিস্থিতিতে গত ২২ মার্চ ২০২০ তারিখ প্রশিক্ষণ কার্যক্রম স্থগিত করা হয়। ভার্চুয়াল পদ্ধতিতে অবশিষ্ট প্রশিক্ষণ সম্পন্ন করার জন্য বিয়াম পরীক্ষা-নিরীক্ষা করছে। ২০১৯-২০২০ অর্থবছরে ই-জিপি এর মাধ্যমে ৩ (তিন)টি ক্রয় প্রক্রিয়া রাজস্ব খাতে সম্পন্ন করা হয়েছে।

ই-মেইল

ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প কার্যালয়সমূহ ও প্রকল্পসমূহের আওতাধীন সাইট অফিসসমূহ এবং বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও উন্নয়ন সহযোগী সংস্থার সঙ্গে যোগাযোগের ক্ষেত্রে নিয়মিত ই-মেইল ব্যবহার করা হয়ে থাকে। সরকারি webmail-এ ডিএমটিসিএল এর কর্মকর্তাগণের অনুকূলে @dmtcl.gov.bd বরাদ্দ আছে। ই-নথিতে যে সকল কর্মকর্তা সংযুক্ত নেই তাঁদেরকে ই-নথি সিস্টেম ব্যবহার করে পত্রের কপি ই-মেইলে প্রেরণ করা হয়ে থাকে।

Video Conference

সময় বাঁচানো, অর্থ সাশ্রয় ও যাতায়াত বিড়ম্বনা পরিহারের লক্ষ্যে ডিএমটিসিএল-এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের সাইট অফিসসমূহ ও উন্নয়ন সহযোগী সংস্থার সঙ্গে নিয়মিত Video Conference এর মাধ্যমে সভা করা হয়ে থাকে। নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারী পরিস্থিতিতে এপ্রিল ২০২০ মাস থেকে ভার্চুয়াল সভার সংখ্যা ব্যাপকভাবে বৃদ্ধি পাওয়ায় সাধারণ Video Conference এর পাশাপাশি Zoom Cloud ব্যবহার করে Video Conference এর মাধ্যমে নিয়মিত বিভিন্ন সভার আয়োজন করে অফিস কার্যক্রম নিরবচ্ছিন্নভাবে চালু রাখা হয়েছে।

ভিডিও

MRT বা মেট্রোরেলের সমন্বয়ে একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করেছে। এ সময়াবদ্ধ কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি সম্বলিত বাংলায় একটি ভিডিও (০৮.১৬ মিনিট) গত ১৪ জানুয়ারি ২০২০ তারিখ প্রস্তুত করে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড-এর YouTube Channel-এ বহুল প্রচারের নিমিত্ত আপলোড করা হয়েছে। ভিডিওটি ডিএমটিসিএল এর বিভিন্ন অনুষ্ঠান ও প্রশিক্ষণে ব্যবহার করা হচ্ছে। বর্তমানে ৩০ জুন ২০২০ তারিখ পর্যন্ত অগ্রগতি অন্তর্ভুক্ত করে বাংলা ও ইংরেজি উভয় ভাষায় ভিডিওটি হালনাগাদ করা হচ্ছে। ঢাকা মেট্রোরেল নেটওয়ার্ক ও বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অগ্রগতি নিয়ে বিভিন্ন টিভি চ্যানেল ও অনলাইন চ্যানেল নিয়মিত ভিডিও এবং সংবাদ প্রচার করে থাকে। এগুলোর মধ্যে উল্লেখযোগ্য ভিডিওসমূহ ডিএমটিসিএল এর Facebook Page-এ এবং গুরুত্বপূর্ণ ভিডিওগুলো YouTube Channel-এ বহুল প্রচারের নিমিত্ত আপলোড করা হয়ে থাকে।

Electronic Document Management System

ডিএমটিসিএল, প্রকল্প কর্তৃপক্ষ, পরামর্শক প্রতিষ্ঠান এবং ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে দ্রুত Project Document, সকল প্রকার তথ্য-উপাত্ত ও পত্রালাপ করার লক্ষ্যে ওয়েব বেইজড ACONEX সফটওয়ার ব্যবহার করে ডিএমটিসিএলকে Electronic Document Management System (EDMS) এর আওতায় আনা হয়েছে। এ সফটওয়ারের মাধ্যমে তথ্য-উপাত্ত আদান-প্রদানের ক্ষেত্রে ব্যবহারকারী ও কার্যক্রম নির্দিষ্ট করে দেয়া যায়। প্রবেশাধিকার প্রাপ্ত ব্যবহারকারীগণ এ প্ল্যাটফর্ম ব্যবহার করে নিজেদের ভিতরে তথ্য আদান-প্রদানের মাধ্যমে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করতে পারেন। এটি Cloud Based সুরক্ষিত Construction Project Management সফটওয়ার হওয়ায় বিভিন্ন দেশে মেট্রোরেল নির্মাণের সময় এ সফটওয়ার সফলভাবে ব্যবহার করা হয়েছে। প্রবেশাধিকার প্রাপ্ত তত্ত্বাবধায়নকারী কর্মকর্তাগণ স্বয়ংক্রিয়ভাবে Document এর সাইজ নির্বিশেষে Document সরাসরি দেখতে পারেন বিধায় পরিবীক্ষণ ও সমন্বয় কার্যক্রম সহজে করা যায়। নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারী পরিস্থিতিতে Home Assignment/Home Office Assignment-এর মাধ্যমে সম্পাদিত কাজসমূহের অনুমোদনে ACONEX সফটওয়ার ব্যাপকভাবে ব্যবহার করা হয়েছে।

ই-নথি

ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প কার্যালয়সমূহকে ই-নথি কার্যক্রমের আওতায় আনা হয়েছে এবং ক্রমান্বয়ে ই-নথির ব্যবহার বৃদ্ধি করা হচ্ছে। ২০১৯-২০২০ অর্থ বছরে ই-নথি কার্যক্রমে মোট ২,২৪২ টি ডাক, ৫০৩টি নোট এবং ৬১০টি পত্রজারি করা হয়েছে। পেপারলেস অফিস স্থাপনের লক্ষ্যে নতুন প্রকল্প কার্যালয়সমূহকে ই-নথি কার্যক্রমের আওতায় আনা হচ্ছে।

ডিএমটিসিএল এর অনুকূলে তরঙ্গ বরাদ্দ

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর আওতায় বাস্তবায়নাধীন ০৬টি মেট্রোরেল দূরনিয়ন্ত্রণ পদ্ধতিতে স্বয়ংক্রিয়ভাবে পরিচালনার নিমিত্ত ডিএমটিসিএল এর অনুকূলে তরঙ্গ বরাদ্দ এবং বেতার যোগাযোগ যন্ত্রপাতির লাইসেন্স প্রদানের কার্যক্রম Bangladesh Telecommunication Regulatory Commission (BTRC) এর নিকট প্রক্রিয়াধীন রয়েছে।

Local Area Network (LAN) ও Wide Area Network (WAN)

ই-মেইল অথবা Pendrive ব্যবহার করে প্রবাসী কল্যাণ ভবনে অবস্থিত ডিএমটিসিএল ও এর আওতাধীন কার্যালয়সমূহে Document আদান প্রদান করার প্রথা প্রচলন ছিল। এতে সময় ক্ষেপন হতো ও এক কম্পিউটারের ভাইরাস অন্য কম্পিউটারে ছড়িয়ে যাওয়ার সম্ভাবনা ছিল। উপরন্তু, অনেক বড় বড় document print করে বিতরণ করা হত। ফলে কাগজের ব্যবহার ক্রমাগতভাবে বৃদ্ধি পেতে থাকে। এ পরিস্থিতি হতে উত্তরণে দ্রুত তথ্য-উপাত্ত আদান-প্রদানের নিমিত্ত, কম্পিউটার ভাইরাস সংক্রমণ রোধে ও কাগজের ব্যবহার হ্রাসে ডিএমটিসিএল ও এর আওতাধীন প্রকল্প কার্যালয়সমূহকে LAN ও WAN-এর আওতায় এনে Share File খোলা হয়েছে।

MRT Pass

মেট্রোরেলে যাতায়াতকারী যাত্রীগণ একই MRT Pass ব্যবহার করে মেট্রোরেলের সকল লাইনে স্বাচ্ছন্দ্যে যাতায়াত করতে পারবেন। Mobile Apps এবং Web Application ব্যবহার করে MRT Pass সহজেই রিচার্জ করা যাবে। মেট্রোরেলের প্রতিটি স্টেশনে Ticket Office Machine (TOM) এবং Ticket Vanding Machine (TVM) থাকবে। উভয় Machine ব্যবহার করে MRT Pass রিচার্জ করা যাবে। MRT Pass ব্যবহার করে যাত্রীগণ মেট্রোরেল ছাড়াও বিভিন্ন পরিবহন মাধ্যম যেমন-বাস র‍্যাপিড ট্রানজিট, বাংলাদেশ রেলওয়ে, বিআরটিসি'র বাস, বিআইডব্লিউটিসি'র নৌ-যান ও চুক্তিবদ্ধ বেসরকারি বাসে স্বাচ্ছন্দ্যে ও নিরবচ্ছিন্নভাবে যাতায়াত করতে পারবেন। MRT Pass-কে Rapid Pass Compatible করা হয়েছে বিধায় Rapid Pass ব্যবহার করেও মেট্রোরেলে যাতায়াত করা যাবে। যে সকল স্থানে MRT Pass রিচার্জ করা করা যাবে সেই সকল স্থানে Rapid Pass রিচার্জ করা যাবে এবং যে সকল স্থানে Rapid Pass রিচার্জ করা করা যাবে সেই সকল স্থানে MRT Pass রিচার্জ করা যাবে। MRT Pass এর ডিজাইন চূড়ান্ত পর্যায়ে রয়েছে।

MRT Pass এর Perspective Design

মেট্রোরেলে বিশেষ শারীরিক চাহিদাসম্পন্ন ব্যক্তিদের জন্য সুবিধাদি

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় বাস্তবায়নাধীন বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেলের স্টেশন ও ট্রেনের অভ্যন্তরে বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তিদের (Physically Challenged Persons) জন্য উন্নত বিশ্বের ন্যায় প্রয়োজনীয় সুবিধাদি অন্তর্ভুক্ত করা হয়েছে। বিশেষ চাহিদাসম্পন্ন যে সকল ব্যক্তিদের জন্য বিশেষ সুবিধাদি অন্তর্ভুক্ত করা হয়েছে তন্মধ্যে অন্যতম হলো: হুইল চেয়ার ব্যবহারকারী, দৃষ্টি প্রতিবন্ধী, বাক ও শ্রবণ প্রতিবন্ধী ইত্যাদি। সুবিধাদির ছবি সংবলিত বর্ণনা পরিশিষ্ট-ঙ তে দেয়া হয়েছে।

মেট্রোরেলে মহিলা, শিশু ও বয়স্ক যাত্রীদের জন্য সুবিধাদি

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় বাস্তবায়নাধীন বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেলে মহিলা যাত্রীগণের নিরাপদ ও স্বাচ্ছন্দ্য যাতায়াত নিশ্চিত করার জন্য প্রতি মেট্রো ট্রেনে একটি স্বতন্ত্র মহিলা কোচ থাকবে। মেট্রো স্টেশনগুলোতে মহিলা যাত্রীদের জন্য পৃথক বাথরুমের সংস্থান আছে এবং তাতে শিশুদের ডায়াপার পরিবর্তনের সুবিধার্থে বিশেষ ব্যবস্থা সংযোজিত আছে। গর্ভবতী মহিলা ও অতিরিক্ত বয়স্ক যাত্রীগণের জন্য মেট্রো ট্রেনের কোচের অভ্যন্তরে আসন সংরক্ষিত থাকবে।

শিশুদের ডায়াপার পরিবর্তনের ব্যবস্থা

মানব সম্পদ উন্নয়ন

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এবং এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের সকল গ্রেডের কর্মচারীদের নৈতিকতা, দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২০১৯-২০২০ অর্থবছরে ৩২টি প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে ৬৭৬ জনকে বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে (পরিশিষ্ট-চ)।

Training for Officials of DMTCL on Consultant Proposal Evaluation of ADB Financed Project

অভ্যন্তরীণ প্রশিক্ষণ

নবনিযুক্ত প্রকৌশলীগণের প্রশিক্ষণ

মেট্রোরেল সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নিয়োজিত লোকবলের প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অনুশাসন অনুসরণে ২০১৯-২০২০ অর্থবছরে ১৯৮ জন নবনিযুক্ত প্রকৌশলীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এরই ধারাবাহিকতায় গত ০১ জুলাই ২০১৯ হতে ৩১ আগস্ট ২০১৯ পর্যন্ত ০২ মাসব্যাপী ২২ জন উপ-সহকারী প্রকৌশলীকে চট্টগ্রামস্থ রেলওয়ে ট্রেনিং একাডেমিতে রেলওয়ে বিষয়ক মৌলিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। গত ০৩ সেপ্টেম্বর ২০১৯ হতে ০৪ নভেম্বর ২০১৯ পর্যন্ত ০২ মাসব্যাপী ৪০ জন অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার ও সহকারী প্রকৌশলীকে চট্টগ্রামস্থ রেলওয়ে ট্রেনিং একাডেমিতে রেলওয়ে বিষয়ক মৌলিক প্রশিক্ষণ প্রদান করা হয়। গত ১৫ সেপ্টেম্বর ২০১৯ হতে ১৪ নভেম্বর ২০১৯ পর্যন্ত ০২ মাসব্যাপী ৪৫ জন স্টেশন কন্ট্রোলার, ট্রেন অপারেটর ও সেকশন ইঞ্জিনিয়ারকে জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)-তে বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। গত ১১ নভেম্বর ২০১৯ হতে ০৮ জানুয়ারি ২০২০ পর্যন্ত ০২ মাসব্যাপী ৩৭ জন অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার ও সহকারী প্রকৌশলীকে ঢাকাস্থ বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)-তে বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ প্রদান করা হয়। গত ০২ ডিসেম্বর ২০১৯ হতে ০২ ফেব্রুয়ারি ২০২০ পর্যন্ত ০২ মাসব্যাপী ৩৬ জন স্টেশন কন্ট্রোলার ও ট্রেন অপারেটরকে চট্টগ্রামস্থ রেলওয়ে ট্রেনিং একাডেমিতে রেলওয়ে বিষয়ক মৌলিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। গত ২৫ জানুয়ারি ২০২০ হতে ২৪ মার্চ ২০২০ তারিখ পর্যন্ত ০২ মাসব্যাপী ১৮ জন সেকশন ইঞ্জিনিয়ার ও উপ-সহকারী প্রকৌশলী বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের ঘোড়াশাল প্রশিক্ষণ কেন্দ্রে বিদ্যুৎ বিষয়ক মৌলিক প্রশিক্ষণ গ্রহণ করছিলেন। কিন্তু নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারী পরিস্থিতিতে বিদ্যুৎ বিষয়ক মৌলিক প্রশিক্ষণ কোর্সটি গত ২২ মার্চ ২০২০ তারিখ স্থগিত করা হয়। COVID-19 পরিস্থিতি উন্নতির পর অবশিষ্ট ০৭ দিনের প্রশিক্ষণ সম্পন্ন করা হবে। দেশে মৌলিক প্রশিক্ষণসমূহ সম্পন্ন হওয়ার পর কর্মকর্তাগণকে বিদেশে প্রশিক্ষণের জন্য প্রেরণ করার পরিকল্পনা রয়েছে।

বিপিএটিসিতে অনুষ্ঠিত ১ম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণে অংশগ্রহনকারী ডিএমটিসিএল এর প্রকৌশলীগণ

ইন-হাউজ প্রশিক্ষণ

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর সকল গ্রেডের কর্মচারীদের নৈতিকতা, দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২০১৯-২০২০ অর্থবছরে মোট ২৬টি প্রশিক্ষণ কর্মসূচীর মাধ্যমে ৪৭৮ জনকে ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

তন্মধ্যে অন দ্যা জব প্রশিক্ষণ; Internal Audit বিষয়ক প্রশিক্ষণ; মেট্রোরেল সম্পর্কিত ওরিয়েনটেশন কর্মসূচি; বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ; Urban Transport Planning বিষয়ক প্রশিক্ষণ; পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ বিষয়ক প্রশিক্ষণ; সুশাসন ও দুর্নীতি প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ; উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ক প্রশিক্ষণ; Training for the Officials of DMTCL on Consultant Proposal Evaluation of ADB Financed Project; সচিবালয় নির্দেশমালা-২০১৪ বিষয়ক প্রশিক্ষণ; জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক প্রশিক্ষণ; উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণ; সরকারি কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯ বিষয়ক প্রশিক্ষণ; সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণ এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) বিষয়ক প্রশিক্ষণ ইত্যাদি উল্লেখযোগ্য।

সচিবালয় নির্দেশমালা ২০১৪ এর উপর ডিএমটিসিএল এর কর্মকর্তাদের ইন-হাউজ প্রশিক্ষণ

বৈদেশিক প্রশিক্ষণ

ডিএমটিসিএল এবং এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের ২৪ জন কর্মকর্তা ২০১৯-২০২০ অর্থবছরে ১৯টি বৈদেশিক প্রশিক্ষণ কর্মসূচিতে (পরিশিষ্ট-ছ) অংশগ্রহণ করেছেন। তন্মধ্যে Witnessing Test; Material Test, Pre-shipment and Factory Inspection; Issue-focused Training; Training on Mass Rapid Transit System; Mock-up Review ইত্যাদি উল্লেখযোগ্য।

Inspection of First Article of Carbody Assembly and Type Test of Bogie Frame Dynamic Fatigue Load in Japan

মাঠ প্রশিক্ষণ

মাঠ প্রশিক্ষণের অংশ হিসেবে সরকারি কর্মচারী ও সরকারি-বেসরকারি প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীগণ নিয়মিত মেট্রোরেলের উন্নয়ন কর্মকান্ড পরিদর্শন করে থাকেন। এ সময় প্রশিক্ষণার্থীগণকে মেট্রোরেল নেটওয়ার্ক, মেট্রোরেলের বাস্তবায়ন অগ্রগতি, বাস্তবায়ন চ্যালেঞ্জসমূহ ও উত্তরণ সম্পর্কে সম্যক ধারণা দেয়া হয়। মাঠ প্রশিক্ষণের অংশ হিসেবে যে সকল প্রশিক্ষণার্থী গ্রুপ ২০১৯-২০২০ অর্থবছরে দিনব্যাপী মেট্রোরেলের উন্নয়ন কর্মকান্ড সরেজমিনে প্রত্যক্ষ করে মেট্রোরেল সম্পর্কে সম্যক ধারণা লাভ করেছেন তন্মধ্যে উল্লেখযোগ্য হল: Planning & Development Course for BCS (Admin) Cadre (1st Batch) -এর শিক্ষার্থীগণ, 7th & 8th Special Foundation Training Courses (SFTCs)-এর অংশগ্রহণকারী, 113, 114 and 115 Law and Administration Course -এর শিক্ষার্থীগণ, Knowledge Sharing for the participants of the Innovation Team of the Press Information Department (PID) -এর অংশগ্রহণকারী, 125, 126 & 128 Advanced Course on Administration & Development (ACAD) -এর তিনটি গ্রুপে পৃথকভাবে অংশগ্রহণকারী; 90, 91 & 92 Senior Staff Course (SSC) -এর তিনটি গ্রুপে পৃথকভাবে অংশগ্রহণকারী; 20 & 21 Policy Planning and Management Course (PPMC) -এর দুইটি গ্রুপে পৃথকভাবে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থী। নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারী পরিস্থিতে বিবেচনাধীন অর্থ বছরের শেষ ৪(চার) মাস মাঠ প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবতার নিরিখে বন্ধ রাখা হয়। COVID-19 মহামারী পরিস্থিতির উন্নতি হওয়ার পর পুনরায় মাঠ প্রশিক্ষণের কার্যক্রম শুরুর পরিকল্পনা রয়েছে।

21st Policy Planning and Management Course (PPMC)-এর অংশগ্রহণকারী

DMTCL Training Academy এর মাধ্যমে প্রশিক্ষণ

DMTCL Training Academy ভবনের ৮০% কাজ সম্পন্ন হয়েছে। Dormitory Building এর ৮৫% কাজ সম্পন্ন হয়েছে। পরিকল্পনা অনুযায়ী DMTCL Training Academy-কে Center of Excellence হিসেবে গড়ে তোলার পরিকল্পনা রয়েছে। এ প্রেক্ষাপটে বিকল্প ব্যবস্থায় DMTCL বহিঃপ্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করেছে। এরই ধারাবাহিকতায় দেশী-বিদেশী বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীগণ Mass Rapid Transit (MRT) এর উপর প্রশিক্ষণ গ্রহণ করেন এবং Internship করে থাকেন। World University'র একজন শিক্ষার্থী গত ০১ অক্টোবর ২০১৯ থেকে ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখ পর্যন্ত সময়ে Internship সম্পন্ন করে রিপোর্ট দাখিল করেছেন। নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারী পরিস্থিতে বিবেচনাধীন অর্থ বছরের শেষ ৪(চার) মাস DMTCL Training Academy এর মাধ্যমে প্রশিক্ষণ প্রদান ও Internship কার্যক্রম বাস্তবতার নিরিখে বন্ধ রাখা হয়েছে। COVID-19 মহামারী পরিস্থিতির উন্নতি হওয়ার পর পুনরায় DMTCL Training Academy এর মাধ্যমে প্রশিক্ষণ ও Internship কার্যক্রম শুরুর পরিকল্পনা রয়েছে।

উদ্ভাবনী আইডিয়া

সেবা সহজিকরণের লক্ষ্যে ডিএমটিসিএল অন্যান্য অর্থবছরের ন্যায় এ অর্থবছরে ডেঙ্গু প্রতিরোধকল্পে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর আওতায় বাস্তবায়নাধীন বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেলের রুট এ্যালাইনমেন্ট ও সংশ্লিষ্ট অন্যান্য স্থাপনায় এডিস মশার বংশবৃদ্ধি রোধ শীর্ষক উদ্ভাবনী ধারণা (আইডিয়া আইডি নম্বর ১৪০৩৬) বাস্তবায়ন করছে। এরই ধারাবাহিকতায় গত ৬ জানুয়ারি ২০২০ তারিখ উদ্ভাবনী ধারণাটি পাইলটিং করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডাদের সমন্বয়ে কর্মপরিকল্পনা চূড়ান্ত করা হয়। গৃহীত চূড়ান্ত কর্মপরিকল্পনা অনুযায়ী গত ০২ ফেব্রুয়ারি ২০২০ তারিখ হতে পাইলটিং কার্যক্রম চলছে। এ কর্মপরিকল্পনার অংশ হিসেবে বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেলের রুট এ্যালাইনমেন্ট ও সংশ্লিষ্ট অন্যান্য স্থাপনায় এডিস মশার বংশবৃদ্ধি রোধকল্পে নিয়মিত লার্ভি সাইডিং এবং এডালডি সাইডিং করা হচ্ছে। এরই ধারাবাহিকতায় বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেলের সম্পূর্ণ রুট এ্যালইনমেন্ট, Construction Yard, Depot, Site Office ইত্যাদি এলাকায় ডেঙ্গু প্রতিরোধকল্পে এডিস মশা নিধন ও এডিস মশার লার্ভা ধ্বংস করার নিমিত্ত নিয়মিত চিরুনী অভিযান পরিচালনা করা হয়।

বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেলের সম্পূর্ণ রুট এ্যালইনমেন্ট, Construction Yard, Depot, Site Office ইত্যাদি এলাকায় ডেঙ্গু প্রতিরোধকল্পে এডিস মশা নিধন ও এডিস মশার লার্ভা ধ্বংস করার নিমিত্ত চিরুনী অভিযান

সপ্তাহ, মেলা ও দিবস

বিশ্ব ব্যক্তিগত গাড়িমুক্ত দিবস ২০১৯

প্রতি বছর ২২ সেপ্টেম্বর বিশ্ব ব্যক্তিগত গাড়িমুক্ত দিবস উদ্‌যাপিত হয়ে থাকে। এরই ধারাবাহিকতায় গত ২২ সেপ্টেম্বর ২০১৯ তারিখ ঢাকাস্থ মানিক মিয়া এভিনিউতে বিভিন্ন কর্মসূচির মাধ্যমে বিশ্ব ব্যক্তিগত গাড়িমুক্ত দিবস ২০১৯ পালন করা হয়। গত ২২ সেপ্টেম্বর ২০১৭ তারিখ বিশ্ব ব্যক্তিগত গাড়িমুক্ত দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় কর্তৃক মানিক মিয়া এভিনিউকে প্রতি মাসের প্রথম শুক্রবার Car Free Road ঘোষণা এ ক্ষেত্রে একটি অনন্য উদাহরণ। ঘোষণা অনুযায়ী রাষ্ট্রীয় ও বেসরকারি সংস্থার সম্মিলিত প্রয়াসে প্রতি মাসের প্রথম শুক্রবার মানিক মিয়া এভিনিউ Car Free Road হিসেবে আনন্দঘন পরিবেশে ব্যবহৃত হচ্ছে। ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর বিভিন্ন গ্রেডের কর্মচারীগণ এ দিবসের বিভিন্ন কর্মসূচিতে অংশগ্রহণ করেন। এ দিবসের প্রতিপাদ্য বিষয় ছিলো: Safe Walking and Cycling.

বিশ্ব ব্যক্তিগত গাড়িমুক্ত দিবস ২০১৯ উদ্‌যাপন

জাতীয় নিরাপদ সড়ক দিবস ২০১৯

প্রতি বছর ২২ অক্টোবর জাতীয় নিরাপদ সড়ক দিবস উদ্‌যাপিত হয়ে থাকে। এরই ধারাবাহিকতায় গত ২২ অক্টোবর ২০১৯ তারিখ তৃতীয় বার দেশে জাতীয় নিরাপদ সড়ক দিবস ২০১৯ পালন করা হয়। এ উপলক্ষ্যে ঢাকাস্থ মানিক মিয়া এভিনিউ হতে এক শোভাযাত্রার আয়োজন করা হয়। এ শোভাযাত্রায় ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর বিভিন্ন গ্রেডের কর্মচারীগণ ফেস্টুন, ব্যানার, প্ল্যাকার্ড ইত্যাদিসহ অংশগ্রহণ করেন। এ দিবসের প্রতিপাদ্য বিষয় ছিলো: জীবনের আগে জীবিকা নয়, সড়ক দূর্ঘটনা আর নয়।

জাতীয় নিরাপদ সড়ক দিবস-২০১৯ এর শোভাযাত্রা

Bangladesh Smart City Expo 2019

International Convention City Bashundhara (ICCB), Dhaka-তে গত ২৮-৩০ নভেম্বর ২০১৯ সময়ে ০৩ দিনব্যাপী Bangladesh Smart City Expo 2019 অনুষ্ঠিত হয়। এ আয়োজনে ডিএমটিসিএল নিজস্ব স্টলের মাধ্যমে ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে গৃহীত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ এবং এর বাস্তবায়ন অগ্রগতি ও ভবিষ্যৎ পরিকল্পনা তুলে ধরে। নীতি নির্ধারক, নগর পরিকল্পনাবিদ, নগর ট্রান্সপোর্ট বিশেষজ্ঞ, উচ্চপদস্থ সরকারি-বেসরকারি কর্মকর্তা, দেশি-বিদেশি পরামর্শক, ছাত্র-ছাত্রী ও মহানগরবাসী বিপুল উৎসাহ ও আগ্রহ নিয়ে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর স্টল পরিদর্শন করেন। উল্লেখযোগ্য সংখ্যক পরিদর্শনকারী স্টলে রক্ষিত মন্তব্য বহিতে আগ্রহ নিয়ে নিজেদের মন্তব্য লিপিবদ্ধ করে বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল এবং বাংলাদেশের প্রথম পাতাল মেট্রোরেল নির্মাণ ও পরিচালনা সম্পর্কে ডিএমটিসিএল-কে গঠনমূলক পরামর্শ প্রদান করেন। Bangladesh Smart City Expo 2019 উপলক্ষ্যে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে ও বিভিন্ন সেমিনারে ডিএমটিসিএল কর্তৃক Time Bound Action Plan 2030 ও এর বাস্তবায়ন অগ্রগতি তুলে ধরা হয়।

Bangladesh Smart City Expo 2019-এ ডিএমটিসিএল এর অংশগ্রহণ

ডিজিটাল বাংলাদেশ দিবস ২০১৯

গত ১২ ডিসেম্বর ২০১৯ তারিখ সারাদেশে ডিজিটাল বাংলাদেশ দিবস ২০১৯ পালন করা হয়। এ উপলক্ষ্যে জাতীয় সংসদের দক্ষিণ প্লাজায় এক শোভাযাত্রার আয়োজন করা হয়। এ শোভাযাত্রায় ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর বিভিন্ন গ্রেডের কর্মচারীগণ ফেষ্টুন, ব্যানার, প্ল্যাকার্ড ইত্যাদিসহ অংশগ্রহণ করেন। এ দিবসের প্রতিপাদ্য বিষয় ছিলো: সত্য-মিথ্যার যাচাই আগে, ইন্টারনেটে শেয়ার পরে।

ডিজিটাল বাংলাদেশ দিবস ২০১৯-এ ডিএমটিসিএল এর অংশগ্রহণ

মহান বিজয় দিবস ২০১৯-এ মেট্রোরেলের ডিসপ্লে

মেট্রোরেল এখন আর স্বপ্ন নয় বাস্তবতা। সরকারি ও বেসরকারি প্রিন্ট ও ইলেকট্রোনিক মিডিয়ায় এবং প্রকাশনা ও অনুষ্ঠানে দেশে-বিদেশে বাংলাদেশের প্রথম মেট্রোরেল এর কার্যক্রম নিয়মিতভাবে তুলে ধরা হয়। প্রতি বছরের ন্যায় মহান বিজয় দিবস ২০১৯ উপলক্ষ্যে প্রদর্শিত ব্যানারগুলোতে বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেলের ছবি প্রদর্শন করা হয়েছে। প্রাসঙ্গিকভাবে উল্লেখ্য যে, ঘন্টায় সর্বোচ্চ ৬০ হাজার যাত্রী পরিবহনে সক্ষম MRT Line-6 বা বাংলাদেশে প্রথম উড়াল মেট্রোরেল নির্মাণ প্রকল্পটি ২০১২-২০২৪ মেয়াদে বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়। তবে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুসরণে Early Commissioning এর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এরই ধারাবাহিকতায় Early Commissioning এর লক্ষ্যমাত্রা অর্জনে মেট্রোরেলের নির্মাণ কাজ পুরোদমে এগিয়ে চলছে।

মহান বিজয় দিবস ২০১৯ উপলক্ষ্যে প্রদর্শিত ব্যানারে বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেলের ছবি

শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২০

উর্দুকে পাকিস্তানের একমাত্র রাষ্ট্র ভাষা করার জন্য মুসলিম লীগের চক্রান্তের বিরুদ্ধে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রস্তাবে ০২ মার্চ ১৯৪৮ তারিখ সর্বদলীয় রাষ্ট্র ভাষা সংগ্রাম পরিষদ গঠন করা হয়। ১১ মার্চ ১৯৪৮ তারিখ বাংলা ভাষা দাবি দিবস পালন কর হয়। জেলে বন্দি অবস্থাতেই বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৫২ সালের রাষ্ট্র ভাষা আন্দোলনে নিজেকে স্বক্রিয়ভাবে জড়িয়ে রেখেছিলেন এবং আন্দোলনকে সফল করার জন্য জেল থেকেই পাঠাতেন গুরুত্বপূর্ণ নির্দেশনা। ১৬ ফেব্রুয়ারি ১৯৫২ তারিখ থেকে বঙ্গবন্ধু জেলের ভিতরেই টানা ১১ দিন ধরে আমরণ অনশন করেন। একুশে ফেব্রুয়ারি বাংলাদেশের জনগণের ভাষা আন্দোলনের মর্মন্তুদ ও গৌরবোজ্জ্বল স্মৃতিবিজড়িত একটি দিন। ১৯৫২ সালের এ দিনে (৮ ফাল্গুন ১৩৫৮) বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবিতে আন্দোলনরত ছাত্রদের উপর পুলিশের গুলিবর্ষণে রফিক, জব্বার, শফিউল, সালাম, বরকত ও আরও অনেকে শহীদ হন। ২০১০ সালে জাতিসংঘ একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করে। তখন থেকেই বাংলাদেশসহ বিশ্বের বিভিন্ন দেশে একুশে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে নিয়মিত উদ্‌যাপিত হয়ে আসছে। ডিএমটিসিএল এর সকল গ্রেডের কর্মচারীগণ ২০২০ সালের একুশে ফেব্রুয়ারি ভাষা শহীদদের প্রতি সম্মান জানাতে কেন্দ্রীয় শহীদ মিনারে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন।

শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২০ উপলক্ষ্যে কেন্দ্রীয় শহীদ মিনারে টিম ডিএমটিসিএল এর শ্রদ্ধাঞ্জলি

শোক দিবস পালন

জাতীয় শোক দিবস ২০১৯

স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৪তম শাহাদত বার্ষিকীতে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০১৯ উপলক্ষ্যে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) শোকর‍্যালীর আয়োজন করে। ডিএমটিসিএল এর সকল গ্রেডের কর্মচারীগণ মাসব্যাপী কালো ব্যাজ পরিধান করেন।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৪তম শাহাদত বার্ষিকী ও ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০১৯ উপলক্ষ্যে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) কর্তৃক আয়োজিত শোকর‍্যালী

জাতীয় শোক দিবস ২০১৯ উপলক্ষ্যে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর সর্বস্তরের কর্মচারীগণ ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৪তম শাহাদত বার্ষিকী ও ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০১৯ উপলক্ষ্যে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর শ্রদ্ধাঞ্জলি

জাতীয় শোক দিবস ২০১৯ উপলক্ষ্যে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) ১৫ আগস্ট অপরাহ্ণে দোয়া মাহফিল ও বিশেষ মোনাজাতের আয়োজন করে। এতে ডিএমটিসিএল এর সকল গ্রেডের কর্মচারীগণ অংশগ্রহণ করেন।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৪তম শাহাদত বার্ষিকী ও ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০১৯ উপলক্ষ্যে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) কর্তৃক আয়োজিত দোয়া মাহ্ফিল

কর্মশালা ও সেমিনার

Branding Seminar

গত ২১ জুলাই ২০১৯ তারিখ অংশীজনের সমন্বয়ে ঢাকাস্থ Bangabandhu International Conference Center (BICC)-এ সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ এর আওতায় বাস্তবায়নাধীন ঢাকা মেট্রোরেল নেটওয়ার্ক বিষয়ক এক Branding Seminar এর আয়োজন করা হয়। Branding Seminar-এ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় জনাব ওবায়দুল কাদের, এমপি। সেমিনারে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় বাস্তবায়নাধীন ০৬টি মেট্রো রেলের সমন্বয়ে গঠিত মেট্রোরেল নেটওয়ার্ক, মেট্রোরেল নেটওয়ার্কের বাস্তবায়ন অগ্রগতি ও বাস্তবায়ন চ্যালেঞ্জসমূহ তুলে ধরা হয়। Branding Seminar-এ উপস্থিত অংশীজনের বিভিন্ন জিজ্ঞাসার জবাব প্রদান করা হয়।

Time Bound Action Plan 2030 এর Branding Seminar

উদ্ভাবন ও সেবা সহজিকরণ কর্মশালা

গত ২৩ জানুয়ারি ২০২০ তারিখ ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের কর্মকর্তা এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের কর্মকর্তাগণের অংশগ্রহণে দিনব্যাপী উদ্ভাবন ও সেবা সহজিকরণ কর্মশালার আয়োজন করা হয়। এ কর্মশালায় নাগরিক সেবায় উদ্ভাবন প্রক্রিয়া, সৃজনশীলতা, ইনোভেশনের ৭টি ধাপ সম্পর্কিত নেস্তা মডেল, উদ্ভাবনী আইডিয়ার সফল বাস্তবায়নে করণীয় ইত্যাদি সম্পর্কে অংশগ্রহণকারী কর্মকর্তাগণকে সম্যক ধারণা দেয়া হয়। এতে যোগ্য নেতৃত্ব প্রদানের মাধ্যমে সরকারি প্রতিষ্ঠানে উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ এবং জনগণকে মানসম্মত ও কাঙ্ক্ষিত সেবা প্রদানে কর্মকর্তাগণ উদ্বুদ্ধ হয়েছেন।

ডিএমটিসিএল এর উদ্যোগে আয়োজিত উদ্ভাবন ও সেবা সহজিকরণ কর্মশালা

উৎসব ও উদ্‌যাপন

English New Year 2020

গত ০১ জানুয়ারি ২০২০ তারিখ ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এবং এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের সকল গ্রেডের কর্মচারী এক অনাড়ম্বর কিন্তু আনন্দঘন পরিবেশে English New Year 2020-কে স্বাগত জানায় এবং ইংরেজি নতুন বছরের শুভেচ্ছা বিনিময় করেন। প্রাসঙ্গিকভাবে উল্লেখ্য যে, নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারী পরিস্থিতিতে ১৪২৭ বঙ্গাব্দের পহেলা বৈশাখে ঐতিহ্যবাহী বাংলা নববর্ষ উদ্‌যাপন করা সম্ভবপর হয়নি। নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারী পরিস্থিতি মোকাবিলায় ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এবং এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের সকল গ্রেডের কর্মচারীগণ ১৪২৭ বঙ্গাব্দের নববর্ষ ভাতার সম্পূর্ণ অর্থ প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিল এ অনুদান হিসেবে প্রদান করেছেন।

অনাড়ম্বর কিন্তু আনন্দঘন পরিবেশে English New Year 2020 উদ্‌যাপন

বার্ষিক মিথস্ক্রিয়া ২০২০

গত ৩১ জানুয়ারি ২০২০ তারিখ শফিপুরস্থ বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমীর লেক ভিউ দ্বীপে অনাড়ম্বর কিন্তু আনন্দঘন পরিবেশে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর দ্বিতীয় বার্ষিক মিথস্ক্রিয়া ২০২০ অনুষ্ঠিত হয়। এ অনুষ্ঠানে ডিএমটিসিএল এবং এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের সকল গ্রেডের কর্মচারী ও তাঁদের পরিবারের সদস্যবৃন্দ অংশগ্রহণ করেন। এতে আন্তঃপারিবারিক সম্পর্ক গাঢ় হয়েছে। অংশগ্রহণকারীদের মধ্যে নতুনভাবে কর্মযোজনা ও উৎপ্রেষণা সৃষ্টি হয়েছে। আমন্ত্রিত অতিথিগণও এ বার্ষিক মিথস্ক্রিয়ায় অংশগ্রহণ করেছেন।

বার্ষিক মিথস্ক্রিয়ার ২০২০-এ উপস্থিত ডিএমটিসিএল পরিবারের একাংশ

ঈদ শুভেচ্ছা বিনিময় ২০১৯

গত ১৪ আগস্ট ২০১৯ তারিখ ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এবং এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের সকল গ্রেডের কর্মচারী এক অনাড়ম্বর অনুষ্ঠানে পরস্পর ঈদ শুভেচ্ছা বিনিময় করেন।

ঈদ-উল আযহা ২০১৯ উপলক্ষ্যে ঈদ শুভেচ্ছা বিনিময়

Electronic Media-তে আলোচনা সভা

বিভিন্ন electronic media-তে অনুষ্ঠিত আলোচনা সভায় ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকায় ০৬টি মেট্রোরেলের সমন্বয়ে সরকার গৃহীত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০, বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল এবং বাংলাদেশের প্রথম পাতাল মেট্রোরেল সম্পর্কে অনেক ক্ষেত্রে প্রকৃত তথ্য উঠে আসে না। এ প্রেক্ষাপটে ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের উর্ধ্বতন কর্মকর্তাগণ electronic media-তে অনুষ্ঠিত আলোচনা সভায় অংশগ্রহণ করে জনসাধারণের অবগতির জন্য প্রকৃত তথ্য তুলে ধরেন। একই উদ্দেশ্যে ডিএমটিসিএল এর উর্ধ্বতন কর্মকর্তাগণ দেশের ও বিদেশের বিভিন্ন প্রিন্ট এবং ইলেকট্রনিক মিডিয়ায় সরাসরি সাক্ষাৎকার প্রদান করে থাকেন।

গত ২৪ আগস্ট ২০১৯ তারিখ উত্তরা ডিপো এলাকায় channel 24 কর্তৃক সাক্ষাৎকার গ্রহণ

সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ অনুসরণে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় বাস্তবায়নাধীন উত্তরা ৩য় পর্ব থেকে মতিঝিল পর্যন্ত ২০.১০ কিলোমিটার দীর্ঘ ১৬টি স্টেশন বিশিষ্ট ঘন্টায় ৬০ হাজার যাত্রী পরিবহনে সক্ষম দ্রুতগামী, নিরাপদ, নির্ভরযোগ্য, শীতাতপ নিয়ন্ত্রিত, সময়-সাশ্রয়ী, বিদ্যুৎ চালিত, পরিবেশবান্ধব ও দূরনিয়ন্ত্রিত MRT Line-6 বা বাংলাদেশে প্রথম উড়াল মেট্রোরেল নির্মাণের অগ্রগতি তুলে ধরার নিমিত্ত একুশে টিভি আয়োজিত আলোচনা সভা খোলা জানালায় ডিএমটিসিএল অংশগ্রহণ করে।

গত ০৬ নভেম্বর ২০১৯ তারিখ একুশে টিভি আয়োজিত আলোচনা সভা "খোলা জানালা"তে ডিএমটিসিএল এর অংশগ্রহণ

গত ১১ জুন ২০২০ তরিখ জাতীয় বাজেট ২০২০-২০২১ উপলক্ষ্যে Channel I কর্তৃক আয়োজিত X CLUSIVE বাজেট স্পেশাল ২০২০-২১ অনুষ্ঠানে ডিএমটিসিএল এর অংশগ্রহণ

উন্নয়ন সহযোগী সংস্থার সঙ্গে ঋণ চুক্তি স্বাক্ষর

৩০ জুন ২০২০ তারিখ পর্যন্ত ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় বাস্তবায়নাধীন MRT Line-6 নির্মাণের নিমিত্ত ০৩(তিন)টি, MRT Line-1 নির্মাণের নিমিত্ত ০২(দুই)টি এবং MRT Line-5: Northern Route নির্মাণের নিমিত্ত ০১(এক)টি মোট ০৬(ছয়)টি ঋণ চুক্তি বাংলাদেশ সরকার উন্নয়ন সহযোগী সংস্থা Japan International Cooperation Agency (JICA) এর সঙ্গে স্বাক্ষর করেছে। MRT Line-5: Southern Route নির্মাণের নিমিত্ত উন্নয়ন সহযোগী সংস্থা Asian Development Bank (ADB) এর সঙ্গে ০১(এক)টি ঋণ চুক্তি স্বাক্ষর করেছে। ঋণ চুক্তির বিবরণ পরিশিষ্ট-জ তে দেয়া হয়েছে।

ডিএমটিসিএল এর ভূ-সম্পত্তি

৩০ জুন ২০২০ তারিখ পর্যন্ত ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর ভূ-সম্পত্তির পরিমান ৯১.৮৩৫২৪ একর। তন্মধ্যে উত্তরা ডিপো এলাকায় ৫৮.৯০ একর, উত্তরা সেন্টার মেট্রো স্টেশন সংলগ্ন Transit Oriented Development (TOD) Hub ও Station Plaza এর জন্য ২৮.৬১৭ একর, মতিঝিলস্থ বৈদ্যুতিক রিসিভিং সাবস্টেশন এর জন্য ০.৩৩ একর এবং উত্তরা উত্তর, উত্তরা সেন্টার, উত্তরা দক্ষিণ স্টেশন সমূহের আনুসাঙ্গিক স্থাপনাদি নির্মাণের জন্য ৩.৯৮৮২৪ একর। বিস্তারিত পরিশিষ্ট-ঝ তে দেয়া হয়েছে। ডিএমটিসিএল ভূ-সম্পত্তির ভূমি উন্নয়ন কর নিয়মিত পরিশোধ করে যাচ্ছে।

নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারী

নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারী পরিস্থিতিতে মেট্রোরেলের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে ও শারীরিক দূরত্ব বজায় রেখে প্রথম দিন থেকেই অব্যাহত রাখা হয়। প্রথম তিন মাস দেশে ও বিদেশে Home Assignment ও Home Office Assignment-এ Design-এর কাজ এবং কারখানায় সরঞ্জামাদি ও মেট্রো ট্রেন নির্মাণের কাজ করা হয়। ৪র্থ মাস থেকেই মাঠ পর্যায়ে নির্মাণ কাজ শুরু করা হয় এবং ক্রমান্বয়ে কাজের পরিধি বৃদ্ধি করা হয়। এ লক্ষ্যে MRT Line-6 এর নির্মাণস্থলের সন্নিকটে অস্থায়ী আবাসিক স্থাপনা নির্মাণ করা হয়েছে। পরামর্শক প্রতিষ্ঠান ও ঠিকাদারী প্রতিষ্ঠানের সকল পর্যায়ের জনবলের কাজে যোগদানের জন্য বাছাই করার নিমিত্ত প্রাথমিক পর্যায়ে COVID-19 এর কোন উপসর্গ আছে কিনা তা যাচাই করা হয়। প্রথম পর্যায়ে উত্তীর্ণ জনবলকে দ্বিতীয় পর্যায়ে Sample Collection Center-এর মাধ্যমে Swab Collection করে COVID-19 পরীক্ষা করা হয়। পরীক্ষায় করোনা Positive প্রাপ্ত জনবলকে হোম অথবা প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনে রাখা নিশ্চিত করা হয়। প্রয়োজনে সরকারি বা চুক্তিবদ্ধ হাসপাতালে ভর্তি করা হয়। কেবল মাত্র COVID-19 নেগেটিভ জনবলকে কাজের জন্য চূড়ান্ত বাছাই করে ১৪ দিনের গ্রুপ কোয়ারেন্টাইনে রাখা হয়। গ্রুপ কোয়ারেন্টাইন সম্পন্ন হওয়ার পর কোন উপসর্গ না থাকলে কাজে যোগদান করেন।

চলমান নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারী পরিস্থিতি মোকাবেলায় ও কর্মরত বিদেশি জনবলের COVID-19 চিকিৎসায় আস্থা সৃষ্টির লক্ষ্যে গাবতলীস্থ কন্সট্রাকশন ইয়ার্ডে ১০ শয্যা বিশিষ্ট এবং উত্তরাস্থ পঞ্চবটি কন্সট্রাকশন ইয়ার্ডে ১৪ শয্যা বিশিষ্ট Isolation Center (Field Hospital) নির্মাণ করা হচ্ছে। ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে কর্মরত কোন কর্মচারী বা জনবলের করোনা ভাইরাস উপসর্গ দেখা দিলে বা কেউ আক্রান্ত হলে তাঁদের সহযোগিতার জন্য গত ১৫ জুন ২০২০ তারিখ DMTCL Quick Response Team গঠন করা হয়েছে। ৩০ জুন ২০২০ তারিখ পর্যন্ত COVID-19 পরীক্ষা করে মোট ৬১ জনের করোনা Positive পাওয়া গিয়েছে। কোনো মৃত্যু নেই।

উত্তরাস্থ পঞ্চবটি কন্সট্রাকশন ইয়ার্ডে ১৪ শয্যা বিশিষ্ট Field Hospital এর একাংশ

মানবিক দায়বদ্ধতা

ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে কর্মরত কর্মচারীগণ প্রাত্যহিক দাপ্তরিক কাজের পাশাপাশি বিভিন্ন মানবিক কার্যক্রমে অংশগ্রহণ করে আসছেন। এরই ধারাবাহিকতায় গত ১৫ এপ্রিল ২০২০ তারিখ ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এবং এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের কর্মচারীগণ ১৪২৭ বঙ্গাব্দের নববর্ষ ভাতার সম্পূর্ণ অর্থ নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারী পরিস্থিতিতে প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিল এ অনুদান হিসেবে প্রদান করেছেন। গত ১০ মে ২০২০ তারিখ বাংলাদেশের প্রথম উড়াল ও প্রথম পাতাল মেট্রোরেল নির্মাণ প্রকল্প দুটিতে নিয়োজিত বিদেশি পরামর্শকগণও প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিল-এ অনুদান প্রদান করেন।

ডিএমটিসিএল এর কর্মচারীগণের ১৪২৭ বঙ্গাব্দের নববর্ষ ভাতার সম্পূর্ণ অর্থ প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিলে হস্তান্তর

ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে কর্মরত কর্মচারীদের মধ্যে ১১-২০ গ্রেডের যে সকল কর্মচারী নভেল করোনা ভাইরাস (COVID-19)-এ আক্রান্ত হয়েছেন/হচ্ছেন তাঁদেরকে প্রয়োজনে সহায়তা করার নিমিত্ত ১-১০ গ্রেডের কর্মচারীগণ স্বেচ্ছা অনুদান প্রদান করে করোনা সহায়তা তহবিল গঠন করেছেন।

গুলশান হলি আর্টিজান রেস্টুরেন্টে এক অনাকাঙ্খিত ঘটনায় নিহত জাপানী নাগরিকদের স্মরণে স্মৃতিস্তম্ভ নির্মাণ

গত ০১ জুলাই ২০১৬ তারিখে ঢাকার গুলশান হলি আর্টিজান রেস্টুরেন্টে এক অনাকাঙ্খিত ঘটনায় ০৭(সাত) জন জাপানী নাগরিক নিহত হন। নিহত জাপানী নাগরিকগণ এমআরটি লাইন-১ এবং এমআরটি লাইন-৫: নর্দান রুট এর পরামর্শক হিসেবে বাংলাদেশে কর্মরত ছিলেন। নিহত জাপানী নাগরিকগণ হলেন: Koyo Ogasawara, Makoto Okamura, Yuko Sakai, Rui Shimodaira, Hiroshi Tanaka, Nobuhiro Kurosaki এবং Hideki Hashimoto. সরকার নিহত এই ০৭(সাত) জন জাপানী নাগরিকের স্মরণে Memorial Monument নির্মাণের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এরই ধারাবাহিকতায় উত্তরা ডিপো এলাকায় নির্মাণাধীন Metro Rail Exhibition and Information Center-এ Memorial Monument নির্মাণ করা হচ্ছে। এমআরটি লাইন-১ এর নতুন বাজার মেট্রো স্টেশন নির্মাণের পর নির্মিত Memorial Monument টি সেখানে স্থানান্তরের পরিকল্পনা রয়েছে। উল্লেখ্য যে, Memorial Monument এর ডিজাইন Japan International Co-operation Agency (JICA) চূড়ান্ত করেছে।

মাননীয় মন্ত্রী জনাব ওবায়দুল কাদের এমপি, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এবং ডিএমটিসিএল

গত ২২ ডিসেম্বর ২০১৯ তারিখ জনাব ওবায়দুল কাদের এমপি, মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় বাংলাদেশ আওয়ামী লীগ এর সাধারণ সম্পাদক পুনর্নির্বাচিত হওয়ায় ডিএমটিসিএল এর পক্ষ থেকে প্রাণঢালা অভিনন্দন ও ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়কে ডিএমটিসিএল এর পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা

সম্ভাব্য চ্যালেঞ্জ

ডিএমটিসিএল এর আওতায় অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬টি মেট্রোরেলের সমন্বয়ে মোট ১২৮.৭৪১ কিলোমিটার (উড়াল ৬৭.৫৬৯ কিলোমিটার এবং পাতাল ৬১.১৭২ কিলোমিটার) দীর্ঘ ও ১০৪টি স্টেশন (উড়াল ৫১টি এবং পাতাল ৫৩টি) বিশিষ্ট একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করেছে। এরই ধারাবাহিকতায় Fast Track ভুক্ত ঢাকা মেট্রোরেল নেটওয়ার্ক নির্মাণের বাস্তবায়ন কার্যক্রম বিভিন্ন পর্যায়ে রয়েছে। নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারী প্রতিরোধ ও এর প্রাদুর্ভাব রোধে সরকার গত ২৬ মার্চ ২০২০ তারিখ থেকে সাধারন ছুটি ঘোষণা করে। এ ঘোষণার পরপরই এমআরটি লাইন-৬-এ কর্মরত জাপানী পরামর্শক এবং ঠিকাদারী প্রতিষ্ঠানে কর্মরত জাপানী নাগরিকগণ এবং এমআরটি লাইন-১-এ কর্মরত জাপানী পরামর্শক প্রতিষ্ঠানের জাপানী নাগরিকগণ বাংলাদেশ ত্যাগ করে জাপানে ফিরে যান। জাপান সরকারের নিষেধাজ্ঞার কারণে এমআরটি লাইন-৬ এবং এমআরটি লাইন-১-এ কর্মরত জাপানী নাগরিকগণ এখনও বাংলাদেশে প্রত্যাবর্তন করেননি। ফলশ্রুতিতে এমআরটি লাইন-৬ এবং এমআরটি লাইন-১ এর কাজ পুরোদমে শুরু করা সম্ভবপর হচ্ছে না। এ প্রেক্ষাপটে এমআরটি লাইন-৬ এবং এমআরটি লাইন-১-এ কর্মরত জাপানী নাগরিকগণ যাতে দ্রুত বাংলাদেশে প্রত্যাবর্তন করতে পারেন সে লক্ষ্যে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে এখনই উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

Dhaka Mass Rapid Transit Development Project (Line-6)

সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ অনুসরণে প্রায় ২২,০০০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে উত্তরা ৩য় পর্ব থেকে মতিঝিল পর্যন্ত ২০.১০ কিলোমিটার দীর্ঘ ১৬টি স্টেশন বিশিষ্ট ঘন্টায় ৬০ হাজার যাত্রী পরিবহনে সক্ষম দ্রুতগামী, নিরাপদ, নির্ভরযোগ্য, শীতাতপ নিয়ন্ত্রিত, সময়-সাশ্রয়ী, বিদ্যুৎ চালিত, পরিবেশবান্ধব ও দূরনিয়ন্ত্রিত MRT Line-6 বা বাংলাদেশে প্রথম উড়াল মেট্রোরেল নির্মাণ প্রকল্পটি ২০১২-২০২৪ মেয়াদে বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুসরণে Early Commissioning এর উদ্যোগ গ্রহণ করা হয়। এরই ধারাবাহিকতায় Early Commissioning এর লক্ষ্যমাত্রা অর্জনে মেট্রোরেলের নির্মাণ কাজ পুরোদমে এগিয়ে চলছে। ৩০ জুন ২০২০ তারিখ পর্যন্ত সার্বিক গড় অগ্রগতি ৪৬.১৩%। প্রথম পর্যায়ে নির্মাণের জন্য নির্ধারিত উত্তরা তৃতীয় পর্ব হতে আগারগাঁও অংশের পূর্ত কাজের অগ্রগতি ৭৪.১০%। দ্বিতীয় পর্যায়ে নির্মাণের জন্য নির্ধারিত আগারগাঁও থেকে মতিঝিল অংশের পূর্ত কাজের অগ্রগতি ৪০.৯৫%। ইলেকট্রিক্যাল ও মেকানিক্যাল সিস্টেম এবং রোলিং স্টক (রেলকোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ কাজের সমন্বিত অগ্রগতি ৩১.১১%।

MRT Line-6 মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত বর্ধিতকরণ

মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুসরণে মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত ১.১৬ কিলোমিটার দীর্ঘ MRT Line-6 বর্ধিত করার লক্ষ্যে Topographic Survey সম্পন্ন করা হয়েছে। Social Survey চলছে। এতে MRT Line-6 এর মোট দৈর্ঘ্য ২১.২৬ কিলোমিটারে এবং মোট স্টেশন সংখ্যা ১৭টিতে উন্নীত হবে। এ লাইনের সংশোধিত রুট এ্যালাইনমেন্ট হবে: উত্তরা ৩য় পর্ব - পল্লবী - রোকেয়া সরণির পশ্চিম পার্শ্ব দিয়ে খামারবাড়ী হয়ে ফার্মগেট - হোটেল সোনারগাঁও - শাহবাগ - টিএসসি - দোয়েল চত্বর - তোপখানা রোড - বাংলাদেশ ব্যাংক - জসিম উদ্দিন রোডের প্রথম অংশ হয়ে দক্ষিণ দিক দিয়ে সার্কুলার রোড সংলগ্ন কমলাপুর রেলওয়ে স্টেশন এলাকা।



বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেলের রুট এ্যালাইনমেন্ট ও স্টেশনের অবস্থান

MRT Line-6 এর স্টেশনসমূহ

এমআরটি লাইন-৬ এর রুট এ্যালাইনমেন্টে নিম্নোক্ত ১৬টি স্টেশন রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুসরণে মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত ১.১৬ কিলোমিটার দীর্ঘ MRT Line-6 বর্ধিত করার পর স্টেশন সংখ্যা মোট ১৭টিতে উন্নীত হবে। নতুন স্টেশনের নাম হবে কমলাপুর।

ক্রম	স্টেশনের নাম	ক্রম	স্টেশনের নাম	ক্রম	স্টেশনের	ক্রম	স্টেশনের নাম
০১	উত্তরা উত্তর	০২	উত্তরা সেন্টার	০৩	উত্তরা দক্ষিণ	০৪	পল্লবী
০৫	মিরপুর-১১	০৬	মিরপুর-১০	০৭	কাজীপাড়া	০৮	শেওড়াপাড়া
০৯	আগারগাঁও	১০	বিজয় সরণি	১১	ফার্মগেট	১২	কারওয়ান বাজার
১৩	শাহবাগ	১৪	ঢাকা বিশ্ববিদ্যালয়	১৫	বাংলাদেশ সচিবালয়	১৬	মতিঝিল

MRT Line-6 এর সঙ্গে অন্যান্য MRT Lines-এর আন্তঃলাইন সংযোগ

এমআরটি লাইন-৬ এর সঙ্গে মিরপুর-১০ স্টেশনে এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট, কারওয়ান বাজার স্টেশনে এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট এবং কমলাপুর স্টেশনে এমআরটি লাইন-১, এমআরটি লাইন-২ ও এমআরটি লাইন-৪ এর আন্তঃলাইন সংযোগ বা Interchange থাকবে।

প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি

Dhaka Mass Rapid Transit Development Project (Line-6) মোট ৮টি প্যাকেজে ভাগ করে বাস্তবায়ন করা হচ্ছে। ৩০ জুন ২০২০ তারিখ পর্যন্ত প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি ক্রমান্বয়ে নিম্নে প্রদান করা হল:

প্যাকেজ-০১ (ডিপো এলাকার ভূমি উন্নয়ন): এ প্যাকেজের মোট চুক্তি মূল্য ছিল ৫১১ কোটি ৯০ লক্ষ টাকা। এ চুক্তির আওতায় উত্তরাস্থ দিয়াবাড়িতে ৫৮.৯০ একর ভূমির উন্নয়ন অন্তর্ভুক্ত ছিল। বাস্তব কাজ গত ৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখ শুরু হয়ে নির্ধারিত সময়ের ০৯(নয়) মাস পূর্বে গত ৩১ জানুয়ারি ২০১৮ তারিখ শতভাগ সমাপ্ত হয়েছে। এতে সরকারের ৭০ কোটি ৫৮ লক্ষ টাকা সাশ্রয় হয়েছে। বাস্তব অগ্রগতি ১০০%।

৩১ জানুয়ারি ২০১৮ তারিখ সমাপ্ত উত্তরা ডিপো এলাকার ভূমি উন্নয়ন কাজ

প্যাকেজ-০২ (ডিপো এলাকার পূর্ত কাজ): এ প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু হয়েছে। ডিপোর অভ্যন্তরে মোট ৫২টি অবকাঠামো নির্মাণ করতে হবে। ইতোমধ্যে যে সকল অবকাঠামোর নির্মাণ কাজ শেষ হয়েছে তন্মধ্যে অন্যতম হলো: Retaining wall, Test track bed, Coach unloading area, Embedded track, Jack pit, Bogie turn table, Underfloor wheel lathe pit, Bogie wash plant, Bogie assemble-disassemble pit, Inspection pit, Auxiliary sub-station ভবন, Traction sub-station ভবন, Diesel Generator ভবন ও Interface pit foundation. যে সকল অবকাঠামোর কাজ চলমান রয়েছে তন্মধ্যে উল্লেখ্যযোগ্য হল: Workshop, Stabling yard, Operation control centre, কেন্দ্রীয় store, Depot controller অফিস, প্রশাসনিক ভবন, Training center, ডরমিটরি ভবন, মেডিক্যাল সেন্টার, কেন্টিন, Rolling stock maintenance ভবন, Crew booking ভবন, Chief Depot controller ভবন, Effluent Treatment Plant (ETP), Sewage Treatment Plant (STP), Storm ড্রেনেজ, পানি ও ফায়ার ফাইটিং লাইন, অভ্যন্তরীণ রাস্তা, Duct Bank, ওয়ার্কশপের চর্তুদিকে স্টিল ক্ল্যাডিং, ভবনসমূহের পূর্ত, মেকানিক্যাল এবং বৈদ্যুতিক কাজ, ডিপোর অগ্নিনির্বাপণ ব্যবস্থা, ডিপো নিউমেটিক কন্ট্রোল পাম্প হাউজ নির্মাণ এবং কেন্দ্রীয় ওয়্যার হাউস। ডিপো এলাকার পূর্ত কাজের বাস্তব অগ্রগতি ৭০.০০%।

উত্তরা ডিপো এলাকায় নির্মাণাধীন মেট্রোরেল ওয়ার্কশপের একাংশ

প্যাকেজ-০৩ ও ০৪ (উত্তরা নর্থ থেকে আগারগাঁও পর্যন্ত ১১.৭৩ কিলোমিটার ভায়াডাক্ট ও ৯টি স্টেশন নির্মাণ): উভয় প্যাকেজের কাজ ১ আগস্ট ২০১৭ তারিখ শুরু হয়েছে। ইতোমধ্যে পরিসেবা স্থানান্তর, চেকবোরিং, টেস্ট পাইল, মূল পাইল, পাইল ক্যাপ, পিয়ার কলাম, আই-গার্ডার ও প্রিকাস্ট সেগমেন্ট কাস্টিং নির্মাণ সম্পন্ন হয়েছে। ৩৯৩ টি পিয়ার হেডের মধ্যে ৩৮৯ টি পিয়ার হেড এবং ১১.৭৩ কিলোমিটার ভায়াডাক্ট এর মধ্যে ১০.৮৬ (দশ দশমিক আট ছয়) কিলোমিটার ভায়াডাক্ট দৃশ্যমান হয়েছে। বর্তমানে উত্তরা উত্তর, উত্তরা সেন্টার, পল্লবী, কাজীপাড়া এবং শেওড়াপাড়া স্টেশনের concourse নির্মাণের কাজ চলছে। উত্তরা দক্ষিণ স্টেশনের প্লাটফর্ম নির্মাণ ও Steel Structure Erection এর কাজ একই সাথে চলছে। মেট্রোরেল নির্মাণে স্বাভাবিক পানির প্রবাহ ও ট্রাফিক ব্যবস্থাপনা যাতে বাধাগ্রস্ত না হয় তা বিবেচনায় ০৫টি long span balance cantilever এর মধ্যে ০২টি সমাপ্ত হয়েছে এবং বাকী ০৩ টির নির্মাণ কাজ অব্যাহত আছে। ৪.৯২ কিলোমিটার ভায়াডাক্ট রেললাইন ও Overhead Catenaries System (OCS) স্থাপনের জন্য সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হস্তান্তর করা হয়েছে। সার্বিক অগ্রগতি ৭৩.০৯%।

বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেলের ভায়াডাক্টের একাংশ

প্যাকেজ-০৫ (আগারগাঁও থেকে কারওয়ান বাজার পর্যন্ত ৩.১৯৫ কিলোমিটার ভায়াডাক্ট ও ৩টি স্টেশন নির্মাণ): এ প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ শুরু করা হয়েছে। বর্তমানে এ অংশে পরিসেবা স্থানান্তর, চেকবোরিং, ট্রায়াল ট্রেঞ্চ, টেস্ট পাইল ও স্থায়ী বোরড পাইল নির্মাণ সম্পন্ন হয়েছে। ২০৩টি পাইল ক্যাপ এর মধ্যে ১১১টি পাইল ক্যাপ সম্পন্ন হয়েছে। মোট ১০৬টি পিয়ার কলাম এর মধ্যে ৭০টি পিয়ার কলাম নির্মাণ সম্পন্ন হয়েছে। ৯০টি পিয়ার হেডের এর মধ্যে ২৬টি পিয়ার হেড এবং ১০৪৮টি প্রিকাস্ট সেগমেন্ট কাস্টিং এর মধ্যে ২৭৪টি সেগমেন্ট সম্পন্ন হয়েছে। ৬টি Portal Beam এর মধ্যে ১টি Portal Beam সম্পন্ন হয়েছে। ২টি Special Long Span এর মধ্যে ১টির কাজ অব্যাহত আছে। এ প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ৪৫.০০%।

ফার্মগেট এলাকায় নির্মিত পিয়ার

প্যাকেজ-০৬ (কারওয়ান বাজার থেকে মতিঝিল পর্যন্ত ৪.৯২ কিলোমিটার ভায়াডাক্ট ও ৪ টি স্টেশন নির্মাণ): এ প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ শুরু করা হয়েছে। বর্তমানে এ অংশে পরিসেবা স্থানান্তর, চেকবোরিং, টেস্ট পাইল ও ট্রায়াল ট্রেঞ্চ সম্পন্ন হয়েছে। মোট ৮৬২টি স্থায়ী বোরড পাইল এর মধ্যে ৮৪০টি স্থায়ী বোরড পাইল সম্পন্ন হয়েছে। মোট ২৯৮টি পাইল ক্যাপের মধ্যে ১২৫টি পাইল ক্যাপ সম্পন্ন হয়েছে। ১৬০টি পিয়ার কলাম এর মধ্যে ১১৩টি পিয়ার কলাম সম্পন্ন হয়েছে। ১৩৬টি পিয়ার হেডের মধ্যে ৯৪টি পিয়ার হেড সম্পন্ন হয়েছে এবং ১৬২০টি সেগমেন্ট এর মধ্যে ৪৭১টি সেগমেন্ট সম্পন্ন হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় স্টেশন নির্মাণের কাজ শুরু করা হয়েছে। বাস্তব অগ্রগতি ৪৬.০০%।

বাংলামোটর এলাকায় নির্মিত পিয়ার

প্যাকেজ-০৭ (ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম): ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম সরবরাহ ও নির্মাণ কাজ গত ১১ জুলাই ২০১৮ তারিখ শুরু হয়েছে। টঙ্গি ও মানিকনগর গ্রিড সাব স্টেশনে Bay নির্মাণ সম্পন্ন হয়েছে। উত্তরা ডিপোতে রিসিভিং সাব স্টেশন (RSS) এর পূর্ত কাজ সম্পন্ন করে ভবনের অভ্যন্তরে ইকুইপমেন্ট স্থাপনের কাজ সমাপ্ত হয়েছে। মতিঝিল RSS ভবনের নির্মাণ কাজ চলছে। উত্তরা ডিপো এলাকায় এবং ভায়াডাক্টের উপর রেল লাইন বসানোর কাজ চলছে। ইতোমধ্যে

১.১৮ কিলোমিটার রেল লাইন বসানো হয়েছে। ডিপোর অভ্যন্তরে Overhead Catenary System (OCS) Mast স্থাপন সম্পন্ন হয়েছে এবং ভায়াডাক্টের ওপর OCS Mast স্থাপনের কাজ চলছে। ডেসকো'র উত্তরাস্থ গ্রিড সাব-স্টেশন থেকে উত্তরা RSS পর্যন্ত High Voltage Underground Electrical Cable লেইং এর কাজ সমাপ্ত হয়েছে। পিজিসিবি'র টঙ্গিস্থ গ্রিড সাব-স্টেশন থেকে উত্তরা RSS পর্যন্ত High Voltage Underground Electrical Cable লেইং এর কাজ চলছে। বাস্তব অগ্রগতি ৪০.৩২%।

উত্তরা ডিপোতে ও ভায়াডাক্টের উপরে রেল লাইন বসানোর ধারাবাহিক কাজের একাংশ

প্যাকেজ-০৮ [রোলিং স্টক (রেল কোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ]: এ প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু করা হয়েছে। এ প্যাকেজের আওতায় প্রথম মেট্রো ট্রেন নির্মাণ এপ্রিল ২০২০ মাসের প্রথম সপ্তাহে জাপানে সম্পন্ন হয়েছে। আরো ০৪(চার)টি মেট্রো ট্রেন সেট এর নির্মাণ কাজ জাপানের কারখানায় চলমান আছে। প্রথম মেট্রো ট্রেন বাংলাদেশে পৌঁছানোর পর Integrated Test এবং Trial Run শুরু করা হবে। এ প্যাকেজের বাস্তব গড় অগ্রগতি ২৫.০০%। MRT Line-6-এর মেট্রো ট্রেনে লাল-সবুজের প্রাধান্য রাখা হয়েছে।

জাপানের কারখানায় নির্মিত বাংলাদেশে প্রথম মেট্রো ট্রেন সেট

নিবিড় পরিবীক্ষণ

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬) ২০১২-২০২৪ মেয়াদে বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়। সংশোধিত পরিকল্পনা অনুযায়ী নির্মাণ সম্পন্ন করার নিমিত্ত নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারী প্রাদুর্ভাবের পূর্ব পর্যন্ত প্রতি দিন তিন শিফটে লাগাতার কাজ চলেছে। COVID-19 প্রাদুর্ভাবের পর পরিস্থিতির সঙ্গে সামঞ্জস্য রেখে নির্মাণ কাজ অব্যাহত রাখা হয়েছে। মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় প্রকল্পের কাজের বাস্তবায়ন অগ্রগতি নিয়মিত বিরতিতে সরেজমিনে প্রত্যক্ষ করে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করে থাকেন। মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় গত ০১ জানুয়ারি ২০২০ তারিখ এমআরটি লাইন-৬ এর ডিপো এলাকা পরিদর্শন করে ডিপোতে ওভারহেড ক্যাটেনারি সিস্টেম এবং রেল লাইন স্থাপন কাজের শুভ উদ্বোধন করেন।

এমআরটি লাইন-৬ এর ওভারহেড ক্যাটেনারি সিস্টেম এবং রেল লাইন স্থাপন কাজের শুভ উদ্বোধন

মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় গত ০৩ জুন ২০২০ তারিখ Zoom Cloud-এর মাধ্যমে বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল বা এমআরটি লাইন-৬ এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা করে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করেন।

মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এর সভাপতিত্বে অনুষ্ঠিত এমআরটি লাইন-৬ এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের মহাপরিচালক এর নেতৃত্বে একটি পরিদর্শক দল গত ২৪ আগস্ট ২০১৯ তারিখ উত্তরা সেন্টার স্টেশনের নির্মাণ কাজ সরেজমিনে পরিদর্শন করেন।

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের পরিদর্শক টিম কর্তৃক উত্তরা সেন্টার স্টেশনের নির্মাণ কাজ পরিদর্শন

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভিগের মহাপরিচালক এর নেতৃত্বে অপর একটি পরিদর্শক দল গত ২৮ জানুয়ারি ২০১৯ তারিখ উত্তরা ডিপো এলাকার নির্মাণ কাজ সরেজমিনে পরিদর্শন করেন।

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের পরিদর্শক টিম কর্তৃক উত্তরা ডিপো এলাকার নির্মাণ কাজ পরিদর্শন

ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) নিয়মিত বিরতিতে এমআরটি লাইন-৬ এর প্রত্যেকটি প্যাকেজের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা করেন। সভায় পরামর্শক প্রতিষ্ঠান, ঠিকাদারী প্রতিষ্ঠান ও প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত থাকেন। সভায় চ্যালেঞ্জসমূহ চিহ্নিত করে উত্তরণের উপায় নির্ধারণ করা হয় ও তৎভিত্তিতে চ্যালেঞ্জসমূহকে opportunity-তে রূপান্তর করা হয়। ব্যবস্থাপনা পরিচালক আন্তঃপ্যাকেজ Interface যথাযথভাবে Milestone

অনুযায়ী অগ্রসর হচ্ছে কিনা তা পর্যালোচনার জন্য ত্রৈমাসিক ভিত্তিতে সংশ্লিষ্ট সকলের সমন্বয়ে Interface Meeting করে থাকেন।

ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল কর্তৃক MRT Line-6 এর CP-05 সাইট অফিসে পর্যালোচনা সভা

ব্যবস্থাপনা পরিচালক প্রত্যেক পর্যালোচনা সভা শেষে এবং আকস্মিকভাবে প্রকল্পের নির্মাণ কাজ নিয়মিত পরিদর্শন করেন। এরই ধারাবাহিকতায় পরামর্শক প্রতিষ্ঠান, প্রকল্প কর্তৃপক্ষ এবং ঠিকাদারী প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কর্মকর্তা সমন্বয়ে গত ১১ নভেম্বর ২০১৯ তারিখ MRT Line-6 এর খেজুর বাগান এলাকার নির্মাণ কাজ পরিদর্শন করে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করেন।

ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল কর্তৃক MRT Line-6 এর খেজুর বাগান এলাকার নির্মাণ কাজ পরিদর্শন

প্রকল্প পরিচালক, ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬) পৃথকভাবে সপ্তাহে একবার প্রত্যেকটি প্যাকেজের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা করে সরেজমিনে বাস্তব অবস্থা পর্যবেক্ষণ করেন। যে কোনো উদ্ভূত পরিস্থিতি মোকাবিলায় প্রকল্প পরিচালক তাৎক্ষণিক অকুস্থল পরিদর্শন করে উত্তরণের জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করে থাকেন। অতিরিক্ত প্রকল্প পরিচালকগণ স্ব স্ব অধিক্ষেত্রের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য যখন প্রয়োজন তখন ভিত্তিতে সভা করে থাকেন। প্রকল্প ব্যবস্থাপকগণ সার্বক্ষণিকভাবে প্রকল্প এলাকায় অবস্থান করে প্রকল্পের নির্মাণ কাজের গুণগতমান এবং অগ্রগতি লাগাতার পরিবীক্ষণ করে থাকেন। ডিএমটিসিএল ও প্রকল্পে নিয়োজিত সহকারী প্রকৌশলীগণ সার্বক্ষণিক নির্মাণ এলাকায় অবস্থান করে নির্মাণ কাজের অগ্রগতি সরেজমিনে প্রত্যক্ষ করেন।

গত ৩০ নভেম্বর ২০১৯ তারিখ প্রকল্প পরিচালক, এমআরটি লাইন-৬ ভায়াডাক্টের নির্মাণ কাজ পরিদর্শন করেন

নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারী পরিস্থিতিতে মেট্রোরেলের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে ও শারীরিক দূরত্ব বজায় রেখে প্রথম দিন থেকেই অব্যাহত রাখা হয়। ক্রমান্বয়ে কাজের পরিধি বাস্তব অবস্থার সঙ্গে সামঞ্জস্য রেখে বৃদ্ধি করা হয়। এ পরিস্থিতিতে গত ২০ মে ২০২০ তারিখ বেগম নীলিমা আখতার, অতিরিক্ত সচিব, আরবান ট্রান্সপোর্ট অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এমআরটি লাইন-৬ এর ডিপো এলাকার পূর্ত কাজের বাস্তব অগ্রগতি প্রত্যক্ষ করতে সরেজমিনে পরিদর্শন করেন।

অতিরিক্ত সচিব, আরবান ট্রান্সপোর্ট অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক ডিপোর কাজের অগ্রগতি পরিদর্শন

এমআরটি লাইন-৬ এর অতিরিক্ত প্রকল্প পরিচালকগণ সাইট অফিসে প্রয়োজন অনুযায়ী সভা করে তাৎক্ষণিক উদ্ভুত বিষয়ের সমাধান দিয়ে থাকেন। এরই ধারাবাহিকতায় গত ১৭ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ অতিরিক্ত প্রকল্প পরিচালক (পূর্ত), এমআরটি লাইন-৬ এর সভাপতিত্বে একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। এ ধরণের সভায় উদ্ভূত ছোট ছোট চ্যালেঞ্জসমূহের তাৎক্ষণিক সমাধান দেয়া হয়।

অতিরিক্ত প্রকল্প পরিচালক (পূর্ত) এর সভাপতিত্বে অনুষ্ঠিত পর্যালোচনা সভা

Communication Based Train Control (CBTC) System

বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল স্বয়ংক্রিয়ভাবে পরিচালনার জন্য Communication Based Train Control (CBTC) System চালুর নিমিত্ত Automatic Train Operation (ATO), Automatic Train Protection (ATP), Automatic Train Supervision (ATS) ও Moving Block System (MBS) সংগ্রহের কাজ চলমান আছে। এরই অংশ হিসেবে Public Information System (PIS) এর আওতায় Automatic Next Station Display and Announcement Inside Coach এবং Automatic Display and Announcement of Train Arrival Time in Station সংগ্রহের কাজও এগিয়ে চলছে। মেট্রোরেলে যাতায়াতকারী যাত্রীদের নিরাপত্তার নিমিত্ত Synchronized Platform Screen Door (PSD) and Train Door এবং Internet Protocol (IP) Camera System সংগ্রহের কাজ শুরু হয়েছে। যাত্রীদের নিরবচ্ছিন্ন ও স্বাচ্ছন্দ্যে যাতায়াতের সুবিধার্থে Smart Card Based MRT Pass এবং Automatic Fare Collection (AFC) System সংগ্রহের কাজ কর্মপরিকল্পনা অনুযায়ী অগ্রসর হচ্ছে।

মেট্রোরেলের নিয়ন্ত্রণ, নিরাপত্তা ও যাত্রী সেবায় তথ্য প্রযুক্তির ব্যবহার

Panel of Experts

বাংলাদেশের প্রথম মেট্রোরেল নির্মাণে উদ্ভূত বড় চ্যালেঞ্জসমূহ উত্তরণে প্রয়োজনীয় কারিগরি নির্দেশনা প্রদানের জন্য Panel of Experts (PoEs) এর নিকট প্রেরণ করা হয়ে থাকে। এমআরটি লাইন-৬ এর Panel of Experts (PoEs) এর চেয়ারম্যান National Professor Dr. Engr. Jamilur Reza Choudhury সম্প্রতি ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। এই প্রেক্ষাপটে Dr. M. Shamim Z. Bosunia, Emeritus Professor, Department of Civil Engineering,

University of Asia Pacific, Dhaka-কে PoEs এর চেয়ারম্যান হিসেবে নিয়োগের কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। PoEs এর বৈদেশিক সদস্য হিসেবে দায়িত্ব পালন করছেন জাপানের Chuo University এর আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন Professor Kenji Ishihara. PoEs এর দেশি সদস্য হিসেবে দায়িত্ব পালন করছেন Professor Dr. A. M. M. Safiullah। প্রয়োজন অনুযায়ী Panel of Experts সরেজমিনে পরিদর্শন ও যথাযথ পরীক্ষা-নিরীক্ষা করে পরামর্শ প্রদান করে থাকেন।

অডিট আপত্তি

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬) এর বিপরীতে ৩০ জুন ২০১৭ পর্যন্ত মোট ৩০টি অডিট আপত্তি Foreign Aided Project Audit Directorate (FAPAD) কর্তৃক উত্থাপন করা হয়। তন্মধ্যে ৩০ জুন ২০২০ তারিখ পর্যন্ত ১৯টি অডিট আপত্তি সম্পূর্ণ এবং একটি অডিট আপত্তি আংশিক নিষ্পত্তি করা হয়েছে। অবশিষ্ট ১০টি পূর্ণ অডিট আপত্তি (পার্ট A ভুক্ত ০৮টি আপত্তি এবং পার্ট B ভূক্ত ০২টি) ও ০১টি আংশিক অডিট আপত্তি (পার্ট A ভূক্ত) FAPAD-এ নিষ্পত্তির জন্য প্রক্রিয়াধীন আছে।

ক্রম	অর্থবছর	অডিট আপত্তির বিবরণ			আপত্তির ধরণ	মন্তব্য
		আপত্তির সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	অনিষ্পন্ন		
১.	২০১২-২০১৩	-	-	-	-	কোন অডিট আপত্তি উত্থাপিত হয়নি
২.	২০১৩-২০১৪	০১	০১	-	পার্ট B =০১টি	আপত্তিসমূহ নিষ্পত্তি হয়েছে
৩.	২০১৪-২০১৫	০৭	০৭	-	পার্ট B =০৭টি	
৪.	২০১৫-২০১৬	০৮	০৮	-	পার্ট A =০১টি পার্ট B =০৭টি	
৫.	২০১৬-২০১৭	১৪	৩টি পূর্ণ ১টির আংশিক	১০টি পূর্ণ ১টির আংশিক	পার্ট A =১০টি পার্ট B =০৪টি	২০১৬-২০১৭ অর্থবছরের অনিষ্পন্ন আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে FAPAD-এ প্রক্রিয়াধীন আছে
মোট=		৩০	১৯টি পূর্ণ ১টির আংশিক	১০টি পূর্ণ ১টির আংশিক	পার্ট A =১১টি পার্ট B =১৯টি	

পার্ট A = অগ্রিম আপত্তি
পার্ট B = সাধারণ আপত্তি

Metro Rail Exhibition & Information Center

অত্যাধুনিক গণপরিবহন হিসেবে বাংলাদেশে প্রথম বারের মত MRT বা মেট্রোরেল নির্মিত হতে যাচ্ছে। মেট্রোরেল সম্পর্কে অধিকাংশ জনসাধারণের সম্যক ধারণা নেই। এ প্রেক্ষাপটে মেট্রোরেলে যাতায়াত সম্পর্কে সুস্পষ্ট বাস্তব ধারণা প্রদানের জন্য MRT Line-6 এর উত্তরা ডিপো এলাকায় Metro Rail Exhibition & Information Center নির্মাণ করা হচ্ছে। মেট্রো ট্রেনের Mock Up গত ২৬ ডিসেম্বর ২০১৯ তারিখ উত্তরা ডিপোতে এসে পৌঁছেছে এবং ২৩ ফেব্রুয়ারি ২০২০ তারিখ উত্তরা ডিপোস্থ Metro Rail Exhibition & Information Center-এ স্থাপন করা হয়েছে। মূল মেট্রো ট্রেন সেটের সঙ্গে সামঞ্জস্য রেখে জনসাধারণকে মেট্রো ট্রেনের যাতায়াত সম্পর্কে সুস্পষ্ট ধারণা প্রদানের নিমিত্ত স্বয়ংক্রিয়ভাবে চলাচলে সক্ষম Mini মেট্রো ট্রেন সেট সংগ্রহ করে Metro Rail Exhibition & Information Center-এ স্থাপন করা হয়েছে। মেট্রো স্টেশনের সঙ্গে সামঞ্জস্য রেখে Smart Card Based স্বয়ংক্রিয় প্রবেশ এবং বহির্গমন গেইটও স্থাপন করা হয়েছে। প্রতিবেদনাধীন সময় পর্যন্ত পূর্ত কাজের অগ্রগতি ৯৮%।

নির্মাণাধীন Metro Rail Exhibition & Information Center

উত্তরা উত্তর স্টেশনের ভূমি অধিগ্রহণ কার্যক্রম

এমআরটি লাইন-০৬ এর উত্তরা উত্তর স্টেশন সংলগ্ন দিয়াবাড়ি মৌজার ০.৩৫৪ একর ব্যক্তি মালিকানাধীন ভূমি জনস্বার্থে অধিগ্রহণের লক্ষ্যে জেলা প্রশাসক, ঢাকা এলএ কেস নম্বর-০৩.১৫.০৯/২০১৯-২০২০ রুজু করেছেন এবং ভূমির সম্ভাব্য মূল্য ১৪,১৯,৭৬,২০৯.৯৬ টাকা ধার্য করা হয়েছে। সম্ভাব্য মূল্য ইতোমধ্যে জেলা প্রশাসক, ঢাকার অনুকূলে পরিশোধ করা হয়েছে। স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন ২০১৭ এর ৪ ধারা অনুযায়ী নোটিশ জারির কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।

Project Implementation Committee (PIC) সভা

Dhaka Mass Rapid Transit Development Project (Line-6) বাস্তবায়নে উদ্ভূত চ্যালেঞ্জসমূহ নিরসনের জন্য প্রয়োজন অনুযায়ী Project Implementation Committee (PIC) এর সভা অনুষ্ঠিত হয়ে থাকে। এরই ধারাবাহিকতায় গত ০৫ জানুয়ারি ২০২০ তারিখ ৫ম PIC সভা অনুষ্ঠিত হয়েছে। উল্লেখ্য, প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ PIC সভা যথাক্রমে গত ১৯ নভেম্বর ২০১৪ তারিখ, ২৭ ডিসেম্বর ২০১৬ তারিখ, ২৯ মার্চ ২০১৮ তারিখ এবং ২৬ জুন ২০১৯ অনুষ্ঠিত হয়েছে।

২০১৯-২০২০ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬) এর ২০১৯-২০২০ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)-তে বরাদ্দকৃত অর্থের বিপরীতে ৩০ জুন ২০২০ তারিখ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৮৭.৬৯%।

কোটি টাকায়

খাত	এডিপি বরাদ্দ	ব্যয়	অগ্রগতি (%)
ডিপিএ	২৫৬২.০০	২০৩০.৩১	৭৯.২৫%
জিওবি	১৭৬৪.৭৩	১৭৬৩.৬১	৯৯.৯৪%
মোট	৪৩২৬.৭৩	৩৭৯৩.৯২	৮৭.৬৯%

Dhaka Mass Rapid Transit Development Project (Line-1) [E/S]

MRT Line-1 নির্মাণের নিমিত্ত ডিসেম্বর ২০১৮ মাসে Feasibility Study সম্পন্ন করা হয়। গত ২৯ জুন ২০১৭ তারিখ Japan International Cooperation Agency (JICA) এবং বাংলাদেশ সরকারের মধ্যে Consultancy Service for Detailed Design and Tender Assistance এর জন্য ৫ হাজার ৫৯৩ মিলিয়ন ইয়েন-এর ঋণচুক্তি (BD-P 95) স্বাক্ষর করা হয়েছে। এরই ধারাবাহিকতায় প্রায় ৬০৭ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৮ থেকে জুন ২০২২ মেয়াদে MRT Line-1 এর উভয় রুটের Consultancy Service for Detailed Design and Tender Assistance এর নিমিত্ত গত ০৭ আগস্ট ২০১৮ তারিখ টেকনিক্যাল অ্যাসিসটেন্স ফর ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) [ই/এস] অনুমোদিত হয়। Consulting Service for Detailed Design and Tender Assistance কার্য সম্পাদনের জন্য গত ১০ অক্টোবর ২০১৮ তারিখে NKDOS Consortium এর সাথে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। গত ০৯ ডিসেম্বর ২০১৮ তারিখ হতে পরামর্শক প্রতিষ্ঠান কাজ শুরু করেছে। নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারী পরিস্থিতিতে Home Assignment ও Home Office Assignment এ বর্তমানে Detailed Design এর কাজ জাপানে চলমান আছে। ৩০ জুন ২০২০ তারিখ পর্যন্ত Detailed Design এর কাজ ৩০% সম্পন্ন হয়েছে।

অগ্রগতি:

- Review of Feasibility Study সম্পন্ন;
- Environmental Impact Assessment (EIA) সম্পন্ন;
- Traffic Demand Forecast & Road Traffic Survey সম্পন্ন;
- Hydrological Survey সম্পন্ন;
- Topographic Survey সম্পন্ন;
- ডিপোর Land Acquisition Plan (LAP) প্রস্তুত সম্পন্ন;
- Basic Design সম্পন্ন; এবং
- Resettlement Action Plan (RAP) এর হালনাগাদকরণ কার্যক্রম চলমান।

২০১৯-২০২০ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি

ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) [ই/এস] এর ২০১৯-২০২০ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)-তে বরাদ্দকৃত অর্থের বিপরীতে ৩০ জুন ২০২০ তারিখ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৭৪.৩৭%।

লক্ষ টাকায়

খাত	এডিপি বরাদ্দ	ব্যয়	অগ্রগতি (%)
ডিপিএ	১৫০.০০	১১০.৬৪	৭৩.৭৬%
জিওবি	৬০.৪১	৪৫.৮৪	৭৫.৮৮%
মোট	২১০.৪১	১৫৬.৪৮	৭৪.৩৭%

Dhaka Mass Rapid Transit Development Project (Line-1)

২০২৬ সালের মধ্যে নির্মাণের জন্য নির্ধারিত ৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ MRT Line-1 দুটি অংশে বিভক্ত। অংশ দুটি হলো: বিমানবন্দর রুট (বিমানবন্দর থেকে কমলাপুর) এবং পূর্বাচল রুট (নতুন বাজার থেকে পিতলগঞ্জ ডিপো)। বিমানবন্দর রুটের মোট দৈর্ঘ্য ১৯.৮৭২ কিলোমিটার এবং মোট পাতাল স্টেশন সংখ্যা ১২টি। এ রুটেই বাংলাদেশে প্রথম পাতাল বা আন্ডারগ্রাউন্ড মেট্রোরেল নির্মিত হতে যাচ্ছে। বিমানবন্দর রুটের এ্যালাইনমেন্ট হল: বিমানবন্দর-বিমানবন্দর টার্মিনাল ৩-খিলক্ষেত-যমুনা ফিউচার পার্ক-নতুন বাজার-উত্তর বাড্ডা-বাড্ডা-হাতিরঝিল পূর্ব-রামপুরা-মালিবাগ-রাজারবাগ-কমলাপুর। পূর্বাচল রুটের মোট দৈর্ঘ্য ১১.৩৬৯ কিলোমিটার। সম্পূর্ণ অংশ উড়াল এবং মোট স্টেশন সংখ্যা ৯টি। তন্মধ্যে ৭টি স্টেশন হবে উড়াল। নতুন বাজার ও যমুনা ফিউচার পার্ক স্টেশনদ্বয় বিমানবন্দর রুটের অংশ হিসেবে পাতাল নির্মিত হবে। নতুন বাজার স্টেশনে Inter-change থাকবে। এ Inter-change ব্যবহার করে বিমানবন্দর রুট থেকে পূর্বাচল রুটে এবং বিপরীতক্রমে যাওয়া যাবে। পূর্বাচল রুটের এ্যালাইনমেন্ট হলো: নতুন বাজার-যমুনা ফিউচার পার্ক-বসুন্ধরা-পুলিশ অফিসার্স হাউজিং সোসাইটি (পিওএইচএস)-মাস্তুল-পূর্বাচল পশ্চিম-পূর্বাচল সেন্টার-পূর্বাচল পূর্ব-পিতলগঞ্জ ডিপো।

ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) সেপ্টেম্বর ২০১৯ থেকে ডিসেম্বর ২০২৬ মেয়াদে প্রায় ৫২ হাজার ৫৬২ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে অনুমোদিত হয়েছে। ২০২৬ সালের ডিসেম্বর মাসে MRT Line-1 চালু হলে এর উভয় রুটে দৈনিক ৮ লক্ষ যাত্রী যাতায়াত করতে পারবেন।



MRT Line-1 এর উভয় রুটের এ্যালাইনমেন্ট ও স্টেশন

MRT Line-1 এর সঙ্গে অন্যান্য MRT Lines-এর আন্তঃলাইন সংযোগ

এমআরটি লাইন-১ ও এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট এর নতুন বাজার স্টেশনে আন্ত:লাইন সংযোগ থাকবে। একইভাবে এমআরটি লাইন-১ এর হাতিরঝিল পূর্ব স্টেশনের সঙ্গে এমআরটি লাইন-৫: সাউদার্ন এর আফতাব নগর পশ্চিম স্টেশনে আন্ত:লাইন সংযোগ থাকবে। উপরন্তু কমলাপুর স্টেশনে এমআরটি লাইন-১, এমআরটি লাইন-৬, এমআরটি লাইন-২ এবং এমআরটি লাইন-৪ এর মধ্যে আন্ত:লাইন সংযোগ বা Interchange থাকবে।

MRT Line-1 এর ডিপো ও ডিপো এক্সেস করিডোর নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণ

MRT Line-1 এর ডিপো ও ডিপো এক্সেস করিডোর নির্মাণের নিমিত্ত নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার পিতলগঞ্জ ও ব্রাহ্মণখালী মৌজায় ৯২.৯৭২৫ একর বা ৩৭.৬২৫৪ হেক্টর জমি অধিগ্রহণের প্রস্তাব গত ১৫ জুন ২০২০ তারিখ অনুষ্ঠিত কেন্দ্রীয় ভূমি বরাদ্দ কমিটির ১২৪তম সভায় অনুমোদিত হয়েছে। এরই ধারাবাহিকতায় জমি অধিগ্রহণের নিমিত্ত নারায়ণগঞ্জ জেলায় এলএ কেইস নম্বর-১০/২০১৯-২০২০ রুজু করা হয়েছে। গত ২৩ জুন ২০২০ তারিখ জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ কর্তৃক ভূমি অধিগ্রহণের সম্ভাব্যতা যাচাই সম্পন্ন করা হয়েছে। বর্তমানে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ এর ধারা-৪ অনুযায়ী কার্যক্রম গ্রহণ প্রক্রিয়াধীন আছে।

২০১৯-২০২০ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি

ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) এর ২০১৯-২০২০ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)-তে বরাদ্দকৃত অর্থের বিপরীতে ৩০ জুন ২০২০ তারিখ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৪১.০০%।

লক্ষ টাকায়

খাত	এডিপি বরাদ্দ	ব্যয়	অগ্রগতি (%)
ডিপিএ	০.১০	০.০০	০.০০%
জিওবি	৪৮৭.৭৪	২০০.০০	৪১.০০%
মোট	৪৮৭.৮৪	২০০.০০	৪১.০০%

Dhaka Mass Rapid Transit Development Project (Line-5): Northern Route

২০২৮ সালের মধ্যে হেমায়েতপুর হতে ভাটারা পর্যন্ত উড়াল ও পাতাল সমন্বয়ে ২০ কিলোমিটার দীর্ঘ (পাতাল ১৩.৫০ কিলোমিটার এবং উড়াল ৬.৫০ কিলোমিটার) ও ১৪টি স্টেশন (পাতাল ৯টি এবং উড়াল ৫টি) বিশিষ্ট মেট্রোরেল নির্মাণের নিমিত্ত জুলাই ২০১৭ মাসে Resettlement Action Plan (RAP), আগস্ট ২০১৭ মাসে Environmental Impact Assessment (EIA) এবং অক্টোবর ২০১৮ মাসে Feasibility Study সম্পন্ন করা হয়েছে। গত ১৪ জুন ২০১৮ তারিখ প্রকল্পের Engineering Service এর জন্য উন্নয়ন সহযোগী সংস্থা JICA এর সঙ্গে ৭ হাজার ৩ শত ৫৮ মিলিয়ন ইয়েনের ঋণ চুক্তি (BD-P101) স্বাক্ষরিত হয়েছে। এরই ধারাবাহিকতায় ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): নর্দান রুট জুলাই ২০১৯ থেকে ডিসেম্বর ২০২৮ মেয়াদে প্রায় ৪১ হাজার ২৩৯ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে অনুমোদিত হয়। এটি হবে ঢাকা মহানগরীর প্রথম পূর্ব-পশ্চিম MRT Corridor. ডিপো নির্মাণের জন্য ঢাকা জেলার সাভার উপজেলার বিলামালিয়া মৌজা ও কোন্ডা মৌজায় ৪২.৩১ হেক্টর ভূমি অধিগ্রহণ প্রক্রিয়াধীন আছে। Notice of Commencement জারি প্রক্রিয়াধীন আছে। MRT Line-5: Northern Route বা ঢাকা মহানগরীর প্রথম পূর্ব-পশ্চিম মেট্রোরেলে ২০২৮ সালে প্রতিদিন ১২ লক্ষ ৩০ হাজার যাত্রী যাতায়াত করতে পারবেন। MRT Line-5: Northern Route-এর রুট এ্যালাইনমেন্ট হলো: হেমায়েতপুর - বালিয়ারপুর - বিলামালিয়া - আমিনবাজার - গাবতলী - দারুস সালাম - মিরপুর ১ - মিরপুর ১০ - মিরপুর ১৪ - কচুক্ষেত - বনানী - গুলশান ২ - নতুন বাজার - ভাটারা।



MRT Line-5: Northarn Route এর এ্যালাইনমেন্ট ও স্টেশন

MRT Line-5: Northern Route এর সঙ্গে অন্যান্য MRT Lines-এর আন্তঃলাইন সংযোগ

এমআরটি লাইন-৫: নর্দার্ন রুটের গাবতলী স্টেশনে এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট এবং এমআরটি লাইন-২ এর সঙ্গে Interchange থাকবে। এমআরটি লাইন-৫: নর্দার্ন রুটের মিরপুর ১০ স্টেশনে এমআরটি লাইন-৬ এর সঙ্গে Interchange থাকবে এবং এমআরটি লাইন-৫: নর্দার্ন রুটের নতুন বাজার স্টেশনে এমআরটি লাইন-১ এর সঙ্গে Interchange থাকবে।

MRT Line-5: Northern Route এর Engineering Services-এর পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): নর্দার্ন রুট-এর Detailed Design, Tender Assistance and Construction Supervision-এর জন্য গত ১০ জুন ২০২০ তারিখ Zoom Video Conference এর মাধ্যমে পরামর্শক প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি স্বাক্ষর করা হয়েছে।

১০ জুন ২০২০ তারিখ Zoom Apps এর মাধ্যমে এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট এর পরামর্শক প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি স্বাক্ষর

২০১৯-২০২০ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): নর্দার্ন রুট এর ২০১৯-২০২০ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)-তে বরাদ্দকৃত অর্থের বিপরীতে ৩০ জুন ২০২০ তারিখ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৫১.৩০%।

লক্ষ টাকায়

খাত	এডিপি বরাদ্দ	ব্যয়	অগ্রগতি (%)
ডিপিএ	১২০.০০	৫২.৪৯	৪৩.৭৪%
জিওবি	২০.০০	১৯.৩৩	৯৬.৬৫%
মোট	১৪০.০০	৭১.৮২	৫১.৩০%

Dhaka Mass Rapid Transit Development Project (Line-5): Southern Route

২০৩০ সালের মধ্যে গাবতলী হতে দাশেরকান্দি পর্যন্ত উড়াল ও পাতাল সমন্বয়ে ১৭.৪০ কিলোমিটার দীর্ঘ (পাতাল ১২.৮০ কিলোমিটার এবং উড়াল ৪.৬০ কিলোমিটার) এবং ১৬টি স্টেশন (পাতাল ১২টি এবং উড়াল ৪টি) বিশিষ্ট মেট্রোরেল নির্মাণের নিমিত্ত অক্টোবর ২০১৮ মাসে Pre-Feasibility Study সম্পন্ন হয়েছে। এরই ধারাবাহিকতায় জানুয়ারি ২০২০ থেকে জুন ২০২৩ মেয়াদে প্রায় ৪০৯ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে গত ০৬ ডিসেম্বর ২০১৯ তারিখ Technical Assistance for Dhaka Mass Rapid Transit Development Project (Line-5): Southern Route [PRF] অনুমোদিত হয়েছে। Project Readiness Financing (PRF) এর নিমিত্ত উন্নয়ন সহযোগী সংস্থা Asian Development Bank (ADB) এর সঙ্গে সরকার গত ১১ ডিসেম্বর ২০১৯ তারিখ ঋণ চুক্তি স্বাক্ষর করেছে। এ Technical Assistance এর আওতায় Feasibility Study, Basic Design, Detailed Design এবং Tender Assistance কার্যক্রম সম্পন্ন করা হবে। এ লক্ষ্যে পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। এ রুট নির্মাণের সম্ভাব্য ব্যয় প্রায় ৩৬ হাজার কোটি টাকা। এটি হবে ঢাকা মহানগরীর দ্বিতীয় পূর্ব-পশ্চিম MRT Corridor. এ লাইনের রুট এ্যালাইনমেন্ট হল: গাবতলী - টেকনিক্যাল - কল্যাণপুর - শ্যামলী - কলেজ গেইট - আসাদ গেইট - রাসেল স্কয়ার - কারওয়ান বাজার - হাতিরঝিল পশ্চিম - তেজগাঁও - নিকেতন - আফতাব নগর পশ্চিম - আফতাব নগর সেন্টার -আফতাব নগর পূর্ব - দাশেরকান্দি - বালুরপার। MRT Line-5: Southern Route বা ঢাকা মহানগরীর দ্বিতীয় পূর্ব-পশ্চিম মেট্রোরেলে ২০৩০ সালে প্রতিদিন ৯ লক্ষ ২৪ হাজার ৫০০ জন যাত্রী যাতায়াত করতে পারবেন।

অগ্রগতি:

- ২৮ মে ২০১৯ তারিখ পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের নিমিত্ত Expression of Interest (EOI) আহ্বান করা হয়েছে;
- ১১ ডিসেম্বর ২০১৯ তারিখ Short List চূড়ান্ত করা হয়;
- ২৩ জানুয়ারি ২০২০ তারিখ Request for Proposal (RFP) ইস্যু করা হয়েছে; এবং
- ২৭ জুলাই ২০২০ তারিখ Request for Proposal (RFP) দাখিলের জন্য নির্ধারিত আছে।



MRT Line-5: Southern Route এর এ্যালাইনমেন্ট ও স্টেশন

MRT Line-5: Southern Route এর সঙ্গে অন্যান্য MRT Lines-এর আন্তঃলাইন সংযোগ

এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট এর সঙ্গে এমআরটি লাইন-৬ এর কারওয়ান বাজার স্টেশনে Interchange থাকবে। এমআরটি লাইন-৫: সাউদার্ন এর আফতাব নগর পশ্চিম স্টেশনের সঙ্গে এমআরটি লাইন-১ এর হাতিরঝিল পূর্ব স্টেশনে আন্তঃলাইন সংযোগ থাকবে। এমআরটি লাইন-৫: সাউদার্ন রুটের গাবতলী স্টেশনে এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট এবং এমআরটি লাইন-২ এর সঙ্গে Interchange থাকবে।

২০১৯-২০২০ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি

ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): সাউদার্ন রুট এর ২০১৯-২০২০ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)-তে বরাদ্দকৃত অর্থের বিপরীতে ৩০ জুন ২০২০ তারিখ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৭৬.০০%।

লক্ষ টাকায়

খাত	এডিপি বরাদ্দ	ব্যয়	অগ্রগতি (%)
ডিপিএ	০.০০	০.০০	০.০০%
জিওবি	০.২৫	০.১৯	৭৬.০০%
মোট	০.২৫	০.১৯	৭৬.০০%

MRT Line-2

২০৩০ সালের মধ্যে গাবতলী হতে চট্টগ্রাম রোড পর্যন্ত উড়াল ও পাতাল সমন্বয়ে প্রায় ২৪ কিলোমিটার দীর্ঘ G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে MRT Line-2 নির্মাণের লক্ষ্যে জাপান ও বাংলাদেশ সরকার সহযোগিতা স্মারক স্বাক্ষর করেছে। এরই ধারাবাহিকতায় জাপান ও বাংলাদেশের অংশগ্রহণে ৬ ডিসেম্বর ২০১৭ তারিখ প্রথম প্ল্যাটফরম সভা, ৭ জুন ২০১৮ তারিখ দ্বিতীয় প্ল্যাটফরম সভা এবং ২১ মার্চ ২০১৯ তারিখ তৃতীয় প্ল্যাটফরম সভা অনুষ্ঠিত হয়েছে। G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে MRT Line-2 বাস্তবায়নে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি গত ৮ নভেম্বর ২০১৮ তারিখ নীতিগত অনুমোদন প্রদান করেছে। G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে MRT Line-2 বাস্তবায়নের নিমিত্ত মার্চ ২০২০ মাসে Basic Study বা PPP Research সম্পন্ন করা হয়েছে। Full Scale Study (FSS) বা Feasibility Study করার নিমিত্ত পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ প্রক্রিয়াধীন আছে। আগামী অর্থ বছরের প্রথম প্রান্তিকে Feasibility Study শুরু করা যাবে বলে আশা করা যাচ্ছে।



MRT Line-2 এর রুট এ্যালাইনমেন্ট ও স্টেশন

MRT Line-2 এর সম্ভাব্য রুট এ্যালাইনমেন্ট হল: গাবতলী - Embankment Road - বসিলা - মোহাম্মদপুর বিআরটিসি বাস স্ট্যান্ড - সাত মসজিদ রোড - ঝিগাতলা - ধানমন্ডি ২ নম্বর রোড - সায়েন্স ল্যাবরেটরি - নিউ মার্কেট - নীলক্ষেত - আজিমপুর - পলাশী - শহীদ মিনার - ঢাকা মেডিকেল কলেজ - পুলিশ হেডকোয়ার্টার - গোলাপ শাহ মাজার - বঙ্গ ভবনের উত্তর পার্শ্বস্থ সড়ক - মতিঝিল - আরামবাগ - কমলাপুর - মুগদা - মান্ডা - ডেমরা - চট্টগ্রাম রোড।

MRT Line-4

Foreign Direct Investment (FDI) আকৃষ্ট করার নিমিত্ত ২০৩০ সালের মধ্যে কমলাপুর থেকে নারায়ণগঞ্জ পর্যন্ত রেলওয়ে ট্র্যাকের পার্শ্ব দিয়ে প্রায় ১৬ কিলোমিটার দীর্ঘ উড়াল মেট্রোরেল হিসেবে PPP পদ্ধতিতে MRT Line-4 নির্মাণের উদ্যোগ প্রক্রিয়াধীন আছে।



MRT Line-4 এর রুট এ্যালাইনমেন্ট ও স্টেশন

চিত্রে

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)

এবং

এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের বিভিন্ন কার্যক্রম

৩১ অক্টোবর ২০১৩ তারিখ মাননীয় প্রধানমন্ত্রী বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন

মাননীয় প্রধানমন্ত্রী ২৬ জুন ২০১৬ তারিখ বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল-এর নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেন

মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে গত ১৬ সেপ্টেম্বর ২০১৯ তারিখ গণভবনে অনুষ্ঠিত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ এবং এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা

বাংলাদেশের প্রথম উড়াল ও প্রথম পাতাল মেট্রোরেল নির্মাণ প্রকল্প দুইটিতে নিয়োজিত বিদেশি পরামর্শকগণ কর্তৃক প্রদত্ত অর্থ প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিলে হস্তান্তর

প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিলে প্রদানের জন্য বাংলাদেশের প্রথম উড়াল ও প্রথম পাতাল মেট্রোরেল নির্মাণ প্রকল্প দুইটিতে নিয়োজিত বিদেশি পরামর্শকগণের অর্থের চেক ডিএমটিসিএল এর নিকট হস্তান্তর

মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী

উত্তরা ডিপোতে ওভারহেড ক্যাটেনারি সিস্টেম ও রেলওয়ে ট্র্যাক স্থাপনের কাজের শুভ উদ্বোধন শেষে সাংবাদিকদের উদ্দেশ্যে বক্তব্য রাখছেন সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ওবায়দুল কাদের, এমপি

গত ১৯ জানুয়ারি ২০২০ তারিখ বাংলাদেশে থাইল্যান্ডের মান্যবর রাষ্ট্রদূত সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ওবায়দুল কাদের, এমপি এঁর সঙ্গে সাক্ষাৎ করেন। এ সময় মাননীয় মন্ত্রী এমআরটি লাইন-৬ এর নিয়োজিত থাই ঠিকাদারী প্রতিষ্ঠানের কাজ তরান্বিত করার জন্য মান্যবর রাষ্ট্রদূতের Good Offices ব্যবহার করার অনুরোধ করেন

সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এর সভাপতিত্বে গত ১২ সেপ্টেম্বর ২০১৯ তারিখ অনুষ্ঠিত এমআরটি লাইন-৫: নর্দার্ন রুটের Wrap Up Meeting শেষে Minutes of Discussions (MoD) স্বাক্ষর ও বিনিময়

COVID-19 পরিস্থিতিতে ZOOM Cloud Apps এর মাধ্যমে গত ০৮ জুন ২০২০ তারিখ অনুষ্ঠিত ৩৭তম বোর্ড সভায় বক্তব্য রাখছেন সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং চেয়ারম্যান, ডিএমটিসিএল পরিচালনা পরিষদ

ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)

গত ১৭ সেপ্টেম্বর ২০১৯ তারিখ ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল এর সভাপতিত্বে অনুষ্ঠিত ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) [ই/এস] এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা

২৭ নভেম্বর ২০১৯ তারিখ ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল কর্তৃক এমআরটি লাইন-৬ এর গাবতলী Construction Yard পরিদর্শন

গত ২৪ ডিসেম্বর ২০১৯ তারিখ ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল কর্তৃক সরেজমিনে এমআরটি লাইন-৬ এর উত্তরাস্থ ডিপো এলাকার উন্নয়ন কাজ পরিদর্শন

কমলাপুর রেলওয়ে স্টেশন এলাকায় এমআরটি লাইন-৬ ও এমআরটি লাইন-১ এর স্টেশন লোকেশন চূড়ান্ত করার নিমিত্ত গত ২১ জনুয়ারি ২০২০ তারিখ ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল কর্তৃক সরেজমিনে পরিদর্শন

প্রকল্প পরিচালক, ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬)

গত ০৮ সেপ্টেম্বর ২০১৯ তারিখ প্রকল্প পরিচালক, এমআরটি লাইন-৬ কন্ট্রাক্ট প্যাকেজ CP-07 এর ভায়াডাক্ট এর উপরের কাজ পরিদর্শন করেন

গত ২১ ডিসেম্বর ২০১৯ তারিখ অতিরিক্ত প্রকল্প পরিচালক, এমআরটি লাইন-৬ উত্তরা ডিপো এলাকার Test Track পরিদর্শন করেন

কোম্পানি সচিব, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

গত ০৮ জানুয়ারি ২০২০ তারিখ কোম্পানি সচিব, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড কর্তৃক ডিএমটিসিএল এর প্রকৌশলীগণের ১ম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণের অংশ হিসেবে মেট্রোকথন স্যুভেনির এর মোড়ক উন্মোচন

Time Bound Action Plan 2030 এর Branding Seminar-এ অংশগ্রহণকারী অংশীজনের একাংশ

অতিরিক্ত প্রকল্প পরিচালক (পূর্ত), ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬)

গত ১৩ ফেব্রুয়ারি ২০২০ তারিখ অতিরিক্ত প্রকল্প পরিচালক (পূর্ত), এমআরটি লাইন-৬ কর্তৃক কাজীপাড়া মেট্রো স্টেশনের নির্মাণ কাজের অগ্রগতি পরিদর্শন

গত ১৩ মার্চ ২০২০ তারিখ অতিরিক্ত প্রকল্প পরিচালক (পূর্ত), এমআরটি লাইন-৬ কর্তৃক কাজীপাড়া মেট্রো স্টেশনের Concourse Slab কাজের অগ্রগতি পরিদর্শন

অতিরিক্ত প্রকল্প পরিচালক (এনভায়রনমেন্ট হেলথ সেফটি, ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন)
ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬)

গত ১০ সেপ্টেম্বর ২০১৯ তারিখ অতিরিক্ত প্রকল্প পরিচালক (ইএইচএসএলএন্ডআর), এমআরটি লাইন-৬ কর্তৃক বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেলের নিরাপত্তা ও পরিবেশ সংক্রান্ত বিষয়াদি পরিদর্শন

গত ২২ জানুয়ারি ২০২০ তারিখ অতিরিক্ত প্রকল্প পরিচালক (ইএইচএসএলএন্ডআর), এমআরটি লাইন-৬ কর্তৃক বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেলের CP-03 & CP-04 এর এনভায়রনমেন্ট, হেলথ ও সেফটি সংক্রান্ত পর্যালোচনা সভা

অতিরিক্ত প্রকল্প পরিচালক (ইলেকট্রিক্যাল, সিগন্যাল এন্ড টেলিকমিউনিকেশন এন্ড ট্র্যাক)
ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬)

গত ২৬ অক্টোবর ২০১৯ তারিখ অতিরিক্ত প্রকল্প পরিচালক (ইলেকট্রিক্যাল, সিগন্যাল এন্ড টেলিকমিউনিকেশন এন্ড ট্র্যাক), এমআরটি লাইন-৬ কর্তৃক উত্তরা ডিপো এলাকায় ব্যালাস্টেড ট্র্যাক বেড এর নির্মাণ কাজ পরিদর্শন

গত ০৫ অক্টোবর ২০১৯ তারিখ অতিরিক্ত প্রকল্প পরিচালক (ইলেকট্রিক্যাল, সিগন্যাল এন্ড টেলিকমিউনিকেশন এন্ড ট্র্যাক), এমআরটি লাইন-৬ কর্তৃক ভায়াডাক্টের উপর Rail Track Plinth এর নির্মাণ কাজ পরিদর্শন

অতিরিক্ত প্রকল্প পরিচালক (সিভিল, ট্রান্সপোর্ট প্ল্যানিং এন্ড ইউটিলিটি)
ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১)

গত ০৩ সেপ্টেম্বর ২০১৯ তারিখ এমআরটি লাইন-১ এর অতিরিক্ত প্রকল্প পরিচালক (সিভিল, ট্রান্সপোর্ট প্ল্যানিং এন্ড ইউটিলিটি) কর্তৃক এমআরটি লাইন-১ এর পূর্বাচল রুটের প্রস্তাবিত স্টেশনসমূহের স্থান পরিদর্শন

প্রকল্প ব্যবস্থাপক-১, ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬)

প্রকল্প ব্যবস্থাপক-১, এমআরটি লাইন-৬ কর্তৃক ডিপো এলাকার পূর্ত কাজ পরিদর্শন

প্রকল্প ব্যবস্থাপক-২, ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬)

১৭ ডিসেম্বর ২০১৯ তারিখ প্রকল্প ব্যবস্থাপক-২, এমআরটি লাইন-৬ কর্তৃক উত্তরা সেন্টার স্টেশনের Concourse Slab Casting এর নৈশকালীন কাজ পরিদর্শন

১৮ মার্চ ২০২০ তারিখ প্রকল্প ব্যবস্থাপক-২, এমআরটি লাইন-৬ কর্তৃক নির্মিত ভায়াডাক্টের অভ্যন্তর পরিদর্শন

প্রকল্প ব্যবস্থাপক-৩, ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬)

প্রকল্প ব্যবস্থাপক-৩, এমআরটি লাইন-৬ কর্তৃক নির্মাণ কাজ পরিদর্শন

প্রকল্প ব্যবস্থাপক-৩, এমআরটি লাইন-৬ কর্তৃক নির্মাণ কাজ পরিদর্শন

প্রকল্প ব্যবস্থাপক-৪, ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬)

গত ০২ আগস্ট ২০১৯ তারিখ প্রকল্প ব্যবস্থাপক-৪, এমআরটি লাইন-৬ কর্তৃক উত্তরা RSS এর নির্মাণ কাজ পরিদর্শন

প্রকল্প ব্যবস্থাপক-৪, এমআরটি লাইন-৬ কর্তৃক ১৩২ কেভি সাব-স্টেশনে GIS স্থাপন কাজ পরিদর্শন

